

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
তখন যদি তারা আত্মসমর্পণ করে, তবে
সরল পথ প্রাপ্ত হলো, আর যদি মুখ
ঘুরিয়ে নেয়, তাহলে তোমার দায়িত্ব
হলো শুধু পৌঁছে দেয়া। আর আল্লাহর
দৃষ্টিতে রয়েছে সকল বান্দা।
সূরা আল ইমরান- ২০

দৈনিক

ফীর্তনাখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন


বরিশাল ২২ রবিবার ১১ মার্চ ২০২৬ ১১ রমজান ১৪৪৭ ১৬ ফাল্গুন ১৪৩২ ৯ম বর্ষ ২৮৭ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা



**নির্বাচনের মাধ্যমে
গণতন্ত্রের যাত্রা শুরু
হয়েছে: প্রধানমন্ত্রী**
কীর্তনখোলা ডেস্ক
নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের যাত্রা শুরু
হয়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী
তাদের রহমান। শনিবার (২৮
ফেব্রুয়ারি) ২ এর পাতায় দেখুন



**গণভবন নয়, সংসদ
হবে আলোচনার
কেন্দ্রবিন্দু: স্বরাষ্ট্রমন্ত্রী**
কীর্তনখোলা ডেস্ক
স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির
সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন,
জাতীয় সংসদকে দেশের সব আলোচনার
কেন্দ্রবিন্দুতে ২ এর পাতায় দেখুন



**গতানুগতিক বিরোধী দল
হিসেবে সংসদে ফাংশন
করতে চাই না: শফিকুর**
কীর্তনখোলা ডেস্ক
সংসদে গতানুগতিক বিরোধী দলের
ভূমিকা পালনের পরিবর্তে জনগণের
প্রত্যাশা পূরণে কার্যকর রাজনীতি করতে
চায় ২ এর পাতায় দেখুন



**জুলাই গণহত্যাসহ গুম-
খুনে জড়িতদের বিচারে
সোচ্চার থাকবে এনসিপি**
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি)
আহবায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ
নাহিদ ইসলাম বলেছেন, ফ্যাসিবাদ
বিলোপে ২ এর পাতায় দেখুন

বরিশালে আইনজীবীদের আদালত বর্জন স্থগিত

কীর্তনখোলা রিপোর্ট

টানা তিন দিনের আলোবাহার পর শনিবার (২৮ ফেব্রুয়ারি) এ ঘোষণা
দেয় বরিশাল জেলা আইনজীবী সমিতি। একইসঙ্গে বাংলাদেশ
জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের বরিশাল ইউনিটও এ সিদ্ধান্তে
একমত পোষণ করেছে।
ফলে আগামী রোববার (১
মার্চ) থেকে বরিশালের
আদালতগুলোতে স্বাভাবিক
বিচার কার্যক্রম শুরু হবে।
তথ্য মতে, গত সোমবার
(২৩ ফেব্রুয়ারি) বরিশাল
জেলা আওয়ামী লীগের
সাধারণ সম্পাদক ও
দুবরের সাবেক সংসদ
সদস্য তালুকদার মোহাম্মদ
ইউনুসের জামিন মঞ্জুর
করেন অতিরিক্ত চিফ
মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
এস এম শরীফউল্লাহ।
বিচারকের দেওয়া ওই
আদেশকে কেন্দ্র করে
মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি)

লিংকন বর্তমানে কারাগারে রয়েছেন। এরপর কার্যক্রম নিষিদ্ধ
আওয়ামী লীগ নেতার জামিন বাতিল, সংশ্লিষ্ট বিচারকের অপসারণ
এবং সভাপতির মুক্তির দাবিতে বিএনপিপন্থি আইনজীবীরা টানা তিন
দিন আদালত বর্জন করেন। সাধারণ আইনজীবীরা কর্মসূচিতে প্রকাশ্যে



একাগ্রতা না জানালেও
তারা আদালতের কার্যক্রমে
অংশ নেননি। এতে কার্যত
স্থবির হয়ে পড়ে আদালতের
বিচারিক কার্যক্রম এবং
ভোগান্তিতে পড়েন শত শত
বিচারপ্রার্থী। জেলা
আইনজীবী সমিতির
সম্পাদক মির্জা মো. রিয়াজ
হোসেন বলেন, সাধারণ
মানুষ ও বিচারপ্রার্থীদের
দুর্ভোগের বিষয়টি গুরুত্ব
দিয়ে বিবেচনা করা হয়েছে।
আদালতের স্বাভাবিক
কার্যক্রম চালু রাখতেই এই
সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
আইনজীবী সমিতির
সিদ্ধান্তের সঙ্গে একমত

বিচারকের উপস্থিতিতেই তার কাজে বাধা দেওয়ার অভিযোগ ওঠে
বিএনপিপন্থি আইনজীবীদের বিরুদ্ধে। ঘটনার পর জেলা আইনজীবী
সমিতির সভাপতিসহ অন্তত ২০ জনের বিরুদ্ধে দ্রুত বিচার আইনে
মামলা করা হয়। মামলায় সমিতির সভাপতি এস এম সাদিকুর রহমান

**ইরানের ৩১ প্রদেশের
২০টিতেই হামলা চালিয়েছে**

যুক্তরাষ্ট্র-ইসরায়েল

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চালানো
হামলায় ইরানের ৩১টি প্রদেশের
মধ্যে ২০টিরও বেশি প্রদেশ
ক্ষতিগ্রস্ত হয়েছে। শনিবার
ইরানের রেড ক্রিসেন্ট সোসাইটি
ইরানে মার্কিন ও ইসরায়েলি
হামলার এই তথ্য জানিয়েছে।
ইরানের রেড ক্রিসেন্ট
সোসাইটির মুখপাত্র মোজতবা
খানেনি বলেছেন, “এখন পর্যন্ত
২০টিরও বেশি প্রদেশ হামলার
শিকার হয়েছে।” ইরানের
পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘি
বলেছেন, ইরানে ইসরায়েলি ও
মার্কিন হামলার সঙ্গে জড়িত সব
স্থাপনা এখন ইসলামি
প্রজাতন্ত্রের সশস্ত্র বাহিনীর “বেধ
লক্ষ্যবস্তুতে” পরিণত হবে।
দেশটির বস্ত্রায়ত্ত্ব টেলিভিশনে
দেওয়া ভাষণে তিনি বলেছেন,
ইরানের সশস্ত্র বাহিনী সেই সব
স্থানকে বেধ লক্ষ্যবস্তু হিসেবে
বিবেচনা ২ এর পাতায় দেখুন



অভ্যুত্থানের পরে জামায়াত ছিল জনগণের কল্যাণে: অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

৬ই আগস্ট রিগ্রবের পরে অনেক
দল নিজেদের আখের গোছাচ্ছে
জামায়াতে ইসলামী ছিল
জনগণের কল্যাণে, এই দেরের
জনগণ নির্বাচনে তার প্রতিফল
দিয়েছে কিন্তু সেই ফলাফল
জিনতাই করা হয়েছে। ফলাফলে

ব্যাপক ইঞ্জিনিয়ারিং হলেও ৬৭
আসনে জামায়াত মনোনীত
সাদেক সদস্য প্রার্থী নির্বাচিত
হয়েছে এবং ৩০ এর অধিক
আসনে সামান্য ভোটে হারিয়ে
দেয়া হয়েছে বলে মন্তব্য
করেছেন বাংলাদেশ জামায়াতে
ইসলামী সহকারী সেক্রেটারি



গরম পানিতে গৃহকর্মীর শরীর ঝলসে দিয়ে প্রবাসীর স্ত্রী কারাগারে

মেহেদিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেদিগঞ্জ প্রবাসী জহির হোসেন তালুকদারের স্ত্রী
ফাইজা আক্তারের বিরুদ্ধে গৃহকর্মী লামিয়া আক্তারকে (১৪) ব্যাপক
নির্ব্যতনের পর শরীরে গরম পানি ঢেলে ঝলসে দেওয়ার অভিযোগ
পাওয়া গেছে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) রাত ১০টার সময় এ
নির্ব্যতনের ঘটনা ঘটে। ভুক্তভোগী লামিয়া আক্তার উপজেলার সদর
ইউনিয়নের চরহোগলা ২নং ওয়ার্ডের আক্তার হোসেনের মেয়ে। জানা
যায়, নির্ব্যতনের পর আহত গৃহকর্মীর স্বজনরা এসে তাকে উদ্ধার করে
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এ ঘটনায় শনিবার (২৮
ফেব্রুয়ারি) মেহেদিগঞ্জ থানায় এজাহার দায়ের করেন ওই গৃহকর্মীর
মামা সিরাজুল ইসলাম। মেহেদিগঞ্জ থানা পুলিশ গৃহকর্মী ফাইজা
আক্তারকে গ্রেপ্তার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠিয়েছে।
আহত কিশোরী লামিয়া বলেন, আমার ২ এর পাতায় দেখুন



বাঘিয়া আল আমিন কামিল মাদ্রাসার উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া মোনাজাত অনুষ্ঠানে বক্তব্য রাখেন
বরিশাল সদর আসনের এমপি অ্যাড. মজিবুর রহমান সরোয়ার

আ.লীগ ক্যাডার লিটল মোল্লার মহড়া, এলাকায় আতঙ্ক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর কাশিপুরে দীর্ঘ দেড় বছরের
আত্মগোপন ভেঙে প্রকাশ্যে মহড়া দিয়েছেন
বরিশাল সদর আসনের এমপি অ্যাড. মজিবুর রহমান সরোয়ার
আওয়ামী লীগ নেতা ও সাবেক ইউপি চেয়ারম্যান

করেন। এ সময় লিটন মোল্লা গাড়ি থেকে নেমে
দলীয় নেতাকর্মীদের বিভিন্ন দিকনির্দেশনা দিয়ে
বলেন, ‘দলের নির্দেশ এখন সবাই ঠান্ডা থাকতে
হবে, এখন কোনো রামেলা করার সময় না। আমার

লিটন মোল্লা (২৭
ফেব্রুয়ারি) রাতে
নগরীর গড়িয়াপাড়
এলাকায় একটি
প্রাইভেট কার নিয়ে
দলীয় নেতাকর্মীদের
মাঝে তার
উপস্থিতির ভিডিও
হুড়িয়ে পড়লে
এলাকায় চরম
উত্তেজনা ও আতঙ্ক
হুড়িয়ে পড়ে।
ভিডিওতে দেখা
যায়, সদর উপজেলার কাশিপুর ইউনিয়নের সাবেক
চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক
সাধারণ সম্পাদক কামাল হোসেন লিটন মোল্লা
একটি প্রাইভেট কারে প্রকাশ্যে ঘুরে শোভাভিন

নির্দেশের বাহিরে
গিয়ে যদি কেউ
রামেলা করে
তাহলে তার জন্য
কঠিন শাস্তি ভোগ
করতে হবে। এ
সময় তাকে
বলতে শোনা
যায়, আমি আবুল
হাসনাত আব্দুল্লাহ
ও সেরনিয়াবাত
সাদিক আব্দুল্লাহর
নির্দেশনা ছাড়া
কিছুই করি না।’

জানা গেছে, লিটন মোল্লা জুলাই অভ্যুত্থানে ছাত্র-
জনতার বিপক্ষে অস্ত্র নিয়ে অবস্থান নেন। এছাড়া
তিনি একাধিক মামলার আসামিও। লিটন মোল্লার
নেতৃত্বে নগরীর ২ এর পাতায় দেখুন



ভাষাসৈনিক বীর মুক্তিযোদ্ধা শহীদ আলতাফ মাহমুদের স্মরণে প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা
হয়

বরিশাল, ভোলা ও পটুয়াখালীসহ ৬ জেলায় জাটকা ইলিশসহ সব ধরনের মাছ ধরা বন্ধ

কীর্তনখোলা ডেস্ক

ইলিশ রন্ধায় ১ মার্চ থেকে পদ্মা
ও মেঘনা নদীতে দুই মাস (মার্চ
ও এপ্রিল) মাছ ধরা বন্ধ ঘোষণা
করেছে সরকার। এ সময় জাটকা
বরিশাল, চাঁদপুর, লক্ষ্মীপুর,
জেলা, শরীয়তপুর ও পটুয়াখালী
এলাকা সর্পণ নিষিদ্ধ থাকবে।
নদ-নদীতে ইলিশসহ সবধরনের
মাছ ধরা বন্ধ থাকে। ১ মার্চ
থেকে আগামী ৩০ এপ্রিল পর্যন্ত
দুই মাস পয়- মেঘনা নদীর

অভয়াশ্রম এলাকায় জালসহ
যেকোনো সরঞ্জাম দিয়ে জাটকা
এবং সকল ধরনের মাছ আহরণ
নিষিদ্ধ থাকবে। এরই অংশ
হিসেবে ২৮ ফেব্রুয়ারি শনিবার
দিনগত রাত ১২টার পর থেকে
এই নিষেধাজ্ঞা শুরু হচ্ছে। আইন
অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর
ব্যবস্থা নেওয়া হবে বলে
জানিয়েছে সংশ্লিষ্ট প্রশাসন। ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রচলিত বাংলা জামায়াতিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ,
বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রনালয় শিক্ষাবোর্ডের সাবেক পদীক্ষা পরিচালক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নব্বয় প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পদীক্ষক,
সরকারি অট্টলবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব ছানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি শাহরাসাত, সদর রোড, বরিশাল 01711-264963	অরুণের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অরুণের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহরাসাত, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হুজুর নদী ও কলকাতা রাস্তা, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুজুর নদী ও কলকাতা রাস্তা, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলকাতা রাস্তা, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলকাতা রাস্তা, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলকাতা রাস্তা, বরিশাল 01717-488083

দৈনিক

ফীর্তনাখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্বাদকীয় **হতদরিদ্ররা যেন বঞ্চিত না হয়** বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) নির্বাচনী ইশতেহারে অন্যতম প্রতিশ্রুতি ছিল দরিদ্র জনগোষ্ঠীর দুর্দশা লাঘবে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচি। দলটির নেতৃত্বাধীন সরকার ক্ষমতা গ্রহণের এক সপ্তাহের মাথায় সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের দিনক্ষণ ঘোষণা করেছে, যা জনমনে আশা সঞ্চার করেছে। প্রকাশিত প্রতিবেদনে জানা গেছে, আগামী ১০ মার্চ ফ্যামিলি কার্ড বিতরণের পরীক্ষামূলক কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রথম দফায় ১৪টি উপজেলায় একটি করে ইউনিয়নের একটি ওয়ার্ডের হতদরিদ্র, দরিদ্র ও নিম্নবিত্ত নারীরা এই কার্ড পাবেন। কার্ডধারীদের প্রতি মাসে আড়াই হাজার টাকা করে দেওয়া হবে। পর্যায়ক্রমে এই কার্যক্রমের পরিধি বাড়ানো হবে। অতীত অভিজ্ঞতা বলে, এসব কার্ড বিতরণের ক্ষেত্রে নানা অনিয়ম হয়ে থাকে। হতদরিদ্রদের চেয়ে রাজনৈতিক পরিচয়ধারীরা সুবিধা গ্রহণের দৌড়ে এগিয়ে থাকেন। সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেছেন, বাছাই প্রক্রিয়ায় কোনো অনিয়ম সহ্য করা হবে না। আমরাও চাই, মন্ত্রী এই আশ্বাসবাহীরা যথাযথ বাস্তবায়ন হোক। আরেক প্রতিবেদনে বলা হয়েছে, অদূর ভবিষ্যতে এক কার্ডেই মিলবে রাষ্ট্রীয় সব সুবিধা। মূলত উন্নত দেশের আদলে প্রতিটি নাগরিকের হাতে ‘সামাজিক পরিচিতি কার্ড’ বা ‘সোশ্যাল আইডি কার্ড’ দেওয়ার পরিকল্পনা নিচ্ছে সরকার। এখনকার ফ্যামিলি কার্ড পরবর্তী সময়ে সোশ্যাল আইডি কার্ডে রূপ নেবে। টিসিবি, ওএমএস কার্ডসহ অন্যান্য সুবিধা মিলবে সোশ্যাল আইডি কার্ডের মাধ্যমে। চলতি বছরেই দুই কোটি পরিবারে কার্ড বিতরণের কাজ ভাবেছে সরকার। শুধু দরিদ্রদের জন্য নয়, বরং ২০০০ সালের মধ্যে সব নাগরিকের জন্য পরিচিতিমূলক কার্ড বাধ্যতামূলক করা হবে। সরকার বলছে, সোশ্যাল আইডি কার্ডের মাধ্যমে নগদ আর্থিক সহায়তা, স্বাস্থ্য বীমা, শিক্ষা উপবৃত্তি, কৃষি ভর্তুকি, বক্ষণ ভাতা ও পেনশন সুবিধাও পাওয়া যাবে। একজন নাগরিকের জীবনের প্রতি পর্যায়ের তথ্য এতে ধারাবাহিকভাবে যুক্ত হতে থাকবে। একজন শিক্ষার্থী যখন পড়াশোনা শেষ করবে, তখন তথ্য হালগাণাপাদ হবে। আর কারী থেকে অবসরে গেলে বা বয়স ৬৫ বছর হলেও তাঁকে প্রার্থী নাগরিকের সুবিধা প্রদান করা হবে। আমাদের প্রত্যাশা, ফ্যামিলি কার্ড বিতরণের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে, কোনো হতদরিদ্র যেন বঞ্চিত না হয়। সমাজের একেবারে নিচের তলার বাসিন্দারা সরকারের সহায়তা পাবে, তাদের মুখে হাসি ফুটবে এটাই কাম্য।

মধ্যপ্রাচ্যে মার্কিন ঘাঁটিতে

নিষ্ক্ষেপ করেছে তেহরান। সর্বশেষ প্রাপ্ত তথ্যনুযায়ী, সৌদি আরবে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ মার্কিন সামরিক ঘাঁটিতে শক্তিশালী হামলা চালিয়েছে ইরান। দেশটির সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি৷র সরাসরি নির্দেশনায় এই অভিযান পরিচালিত হচ্ছে বলে আঞ্চলিক সংবাদমােদ্যে নিশ্চিত করেছে। এর আগে বাহরাইনে অবস্থিত মার্কিন নৌবাহিনীর পক্ষম নৌবহরের (Fifth Fleet) সদর দপ্তরে ও সরল হামলার দাবি করেছে ইরান। বিভিন্ন আন্তর্জাতিক সংবাদমাধ্যমের প্রতিবেদনে এই স্থানীয় ব্যাপক ক্ষয়ক্ষতির খবর জানানো হয়েছে। একই সময়ে কুয়েত, কাতার ও সংযুক্ত আরব আমিরাত অবস্থিত মার্কিন সামরিক স্থাপনাসমূহকেও লক্ষ্যবস্ত্ত করা হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দূরত্ব যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যৌথভাবে ইরানে বিমান হামলা চালানোর পর কয়েক ঘণ্টার ব্যবধানে এই পাল্টা আক্রমণ শুরু করে তেহরান। দুই পক্ষের এই বিপরীতী লড়াইয়ের ফলে গুরু মধ্যপ্রাচ্যে দরদ্য যুদ্ধাবস্থা বিরাজ করেছে। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা জানিয়েছে, এই সংঘাত আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তার জন্য এক ভয়াবহ হুমকি হয়ে দাঁড়িয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশ্বনেতারা নজর রাখলেও সংঘাত থামার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না।

বরিশালে আইনজীবীদের আদালত

নব দফায় পর্যন্ত আদালত বর্জনের কর্মসূচি স্থগিত থাকবে। একইসঙ্গে সব হঙ্গর্যকে বরিশালের সব আদালততে কার্যক্রমে অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে। অপরদিকে এর আগে বরিশাল জেলা ও দায়রা জজ আদালত বর্জনের ঘোষণার সঙ্গে ক্ষিমত পোষণ করেন আগামীপিছ্ আইনজীবীরা। তারা বিচারকের সঙ্গে এসৌজন্যমূলক আচরণ ও এলাসয় ভাড়ত্বের ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানান। ওক্তনর গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি আ্যডভোকেট ওব্যয়দ্দুহা সাহুসহ ৬৫ জন আগামীপিছ্ আইনজীবী এ প্রতিবাদ জানান। বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘বরিশাল আইজীবী সমিতির সভাপতি এস এম সাদেকুর রহমান লিকনের একক সিদ্ধান্তে কোর্ট বর্জন, অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারকের সঙ্গে এসৌজন্যমূলক আচরণ এবং এক্তনয় ভাড়ত্বের তীব্র প্রতিবাদ করছি।’ পাশাপাশি সাধারণ আইনজীবীদের মতামত উপেক্ষা করে এস এম সাদেকুর লিংকনের একক সিদ্ধান্তে আদালত বর্জনের ঘোষণায় আইনজীবীরা একমত নন বলে বিজ্ঞপ্তিতে উক্ত্র করা হয়।

রমজানের শিক্ষা: তওবা

গ্রানি থেকে মুক্তি একমাত্র পথ হলো তওবা বা আল্লাহর পথে ফিরে আসা। পবিত্র কুরআনের সূরা ভাহরামের ৮ নম্বর আয়েতে আল্লাহ তাআলা নির্দেশ দিয়েছেন, যে ঈমানদারগণ! তোমরা আল্লাহর কাছে তওবা করো একান্ত বিতণ্ড তওবা। বিতণ্ড তওবা কেবল মুখে ফমা চাওয়া নয়, বরং কৃতকর্মের জন্য অনুতপ্ত হওয়া এবং ভবিষ্যতে সেই পাপে আর লিপ্ত না হওয়ার দৃঢ় সংকল্প করা। রাসুলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, তদাহ থেকে তওবাকারী ব্যক্তি এমন নিষ্পাপ হয়ে যায়, যেন তার কোনো গুনাহই ছিল না (ইবনে ইবনে মাজহ)। সিয়াম শাহানর এই দিনগুলোতে আমাদের উচিত নিজের বসে নিজের গুলগুনে ষীকার করা এবং রবের কাছে মাফিয়ারত বা ক্ষমা ভিক্ষা করা। মনে রাখতে হবে, আল্লাহর দয়া ও ক্ষমা আমাদের অপরাধের চেয়েও অনেক বড়। রমজানের এই প্রশিক্ষণ আমাদের শেখায় যে, ক্ষমা চাওয়ার মাধ্যমে মানুষের তেতরের অংককার চূর্ণ হয় এবং হৃদয়ে এক অনাবিল প্রশান্তি নেমে আসে। মাফিয়ারকের এই দিনগুলোতে যদি আমরা চোখের পানিতে বুক দেওয়ার ক্ষমা নিতে পারি, তবেই আমাদের সিয়াম ও ক্রিয়াম সার্থক হবে এবং আমরা দোজগের অভ্যন থেকে মুক্তি পাওয়ার যোগ্য হয়ে উঠব।

লেকক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

জুলাই গণহত্যাসহ গুম-খুনে

গণহত্যার বিচার অত্যন্ত গুরুত্বপূর্ণ। গণহত্যা, গুম ও খুনের সঙ্গে জড়িতদের বিচারের দাবিতে এনসিপি সোচ্চার থাকবে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজধানী ধানমন্ডির আবাহনী মাঠে তরুাদের রাজনৈতিক দল জাতীয় নাগরিক পাটি (এনসিপি)’র প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত ইফতার মাহফিলে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহ উদ্দিন আহমদ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সড়ক পরিবহন, রেল ও সেতুমন্ত্রী শেখ রিউল আলম রবি এবং জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ারসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা। স্বাগত বক্তব্য রাখেন প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন কমিটির আহ্বায়ক আরিফুল ইসলাম আদিব। এতে আত জুলাই যোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যরাও অংশ নেন। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দেওয়া বক্তব্যে নাহিদ ইসলাম বলেন, এক বছরে এনসিপি নানা অভিজ্ঞতার মধ্য দিয়ে এগিয়েছে। শুধু এনসিপি নয়, গণঅভ্যুত্থান-পরবর্তী সময়ে পুরো বাংলাদেশই বহুমাত্রিক অভিজ্ঞতার তেতর দিয়ে গেছে। সেই সময়কে ধারণ করে দেশকে এগিয়ে নিতে যে নেতৃত্ব প্রয়োজন, এনসিপি তার অবস্থান থেকে সেই দায়িত্ব পালনের চেষ্টা করেছে। তিনি বলেন, তাদের আরেকটি মূল

প্রতিপাদ্য হলো “বিগ্নব, বিকল্প ও বিনির্মাণ।” বিগ্নবের শক্তি থেকেই বিকল্প নেতৃত্ব তৈরি হয়েছে, যা বাংলাদেশকে নতুনভাবে গড়ে তুলতে চায়। এবারের প্রতিষ্ঠাবার্ষিকীর প্রতিপাদ্যও দেশ আর যাবে নতুন পথে, ফিরবে না আর ফ্যাসিবাদে।” নাহিদ ইসলাম বলেন, তাদের বিশ্বাস দেশ ফ্যাসিবাদি শাসন থেকে বেরিয়ে এসেছে। এখন লক্ষ্য গণতন্ত্রকে পূর্ণাঙ্গভাবে প্রতিষ্ঠা করা। এজন্য প্রয়োজনীয় সংস্কার, জুলাই সনদ বাস্তবায়ন এবং গণভোটের রায় কার্যকর করার আন্দোলন অব্যাহত রয়েছে। বিরোধী দলীয় চিফ হুইপ এনসিপির পেছনের প্রেক্ষাপট তুলে ধরেন। এ সময় তিনি ২০১৩ সালের হেফাজতে ইসলামের আন্দোলন, ২০১৮ সালের কোটা আন্দোল ও নিরাপদ সড়ক আন্দোলন, ভাটবিরোধী আন্দোলন, পিলখানা হত্যাকাণ্ড এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ধারাবাহিকতার কথা স্মরণ করেন। তার ভাষায়, এসব ঘটনার প্রেক্ষাপট থেকেই ২০২৫ সালের ২৮ ফেব্রুয়ারি এনসিপির জন্ম। গণঅভ্যুত্থানই তাদের শেকড় এবং সেখান থেকেই যাত্রা শুরু। আগামী কর্মসূচি প্রসঙ্গে তিনি বলেন, সামনে মূল লক্ষ্য স্থানীয় সরকার নির্বাচন। দ্রুত নির্বাচন আয়োজনের প্রত্যাশা জানিয়ে দলীয় নেতা-কর্মীদের প্রস্তুতি নেওয়ার আহ্বান জানান তিনি। তৃণমূল সংগঠনকে শক্তিশালী করে রাজনৈতিক অর্জন বাড়ানোর লক্ষ্য রয়েছে বলেও উল্লেখ করেন। নাহিদ ইসলাম বলেন, সর্বশেষ নির্বাচনে ছয়টি আসনে বিজয় অর্জন করলেও তিনি এতে সন্তুষ্ট নন। ভবিষ্যতে আরও বড় সাফল্যের লক্ষ্য নিয়ে কাজ করবে এনসিপি। পাশাপাশি সংস্কার পরিষদ গঠন এবং অন্তর্বর্তী সরকারের জারি করা আইন ও আদেশসমূহ সংসদে অনুমোদনের প্রত্যাশা ব্যক্ত করেন তিনি। বক্তব্যের শেষে নির্বাচনে সমর্জন দেওয়া সাধারণ ভোটারদের প্রতি কৃতজ্ঞতা জানান এবং বৈষম্যহীন, গণতান্ত্রিক বাংলাদেশে গঠনে সবার দোয়া ও সহযোগিতা কামনা করেন।

গতানুগতিক বিরোধী দল হিসেবে

জামায়াতে ইসলামী এখন মস্তব্য করছেন দলটির আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। শনিবার রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জামায়াতে ইসলামীর আয়োজিত ইফতার মাহফিলে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। মাননতাবিরোধী অপরোহের দায়ে জামায়াতে ইসলামের যখন ফাঁসি কার্যকর করা হচ্ছে, সাবেক প্রধানমন্ত্রী ও তৎকালীন বিরোধীদলীয় নেত্রী বেগম খালেদা জিয়া হরতাল ঘোষণা দিয়েছিলেন উল্লেখ করে তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন জামায়াত আমির। তিনি বলেন, ‘আজকে তাঁর (খালেদা জিয়া) সন্তানের ওপরে দেশ পরিচালনার দায়িত্ব পড়েছে। আমরা গতানুগতিক কোনো বিরোধী দল হিসেবে এই সংসদে দ্বাঞ্জন করতে চাই না। আমরা চাই, এই সংসদ থেকে অর্থহর, জনগণের সমস্ত চাওয়া-পাওয়ার কেন্দ্র, শ’ শফিকুর রহমান বলেন, ‘সরকারি দল মেনন দায়িত্বশীল ভূমিকা পালন করবে, আমরা বিরোধী দলের অবস্থান থেকে দায়িত্বশীল ও গঠনমূলক ভূমিকা পালন করতে চাই। অতীতে আমরা বিরোধী দল দেখেছি। নির্বাচন যেমন-আমি-ভামি ছিল, বিরোধী দলও তেমনি আমি-ভামি ছিল। এই রকম কোনো কোনো বিরোধী দল কোনো দেশের জন্য ভালো কোনো বার্তা বয়ে আনতে পারে না।’ সরকারের গৃহীত সব সংগত পদক্ষেপ বিরোধী দলের পূর্ণ সমর্জন থাকলে জানিয়ে জামায়াত আমির বলেন, ‘কিন্তু আমাদের বিবেচনায় আমরা যদি দেখি যে, সরকার কোনো সংগত সিদ্ধান্ত কিংবা পদক্ষেপ নিয়েছে... সরকার আমাদের পরামর্শ গ্রহণ না করলে বিরোধী দলের যে ভূমিকা, সেটাই আমরা পালন করব। আমরা জাতীয় অধিকারের পক্ষে দাঁড়াব এবং জাতিকেও আমাদের সঙ্গে মালিলা থাকতে বলব।’ এর আগে একই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী তারেক রহমান দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে রাজনৈতিক দলগুলোকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, দেশের মানুষ অনেক প্রত্যাশা নিয়ে রাজনৈতিক দলগুলোর দিকে তাকিয়ে আছে এবং জাতীয় স্বার্থে সর্বোচ্চ একসঙ্গে কাজ করতে হবে। এ সময় দেশের রাজনৈতিক দলগুলোর উদ্দেশ্যে তারেক রহমান বলেন, ‘আজকে আমাদের এই ইফতার মাহফিলে, আসুন, আমরা আল্লাহর নামে শপথ গ্রহণ করি যে, আমাদের আগামী দিনের কাজগুলো হবে এই দেশের মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য। আসুন, আমরা আল্লাহর দরবারে সেই রহমত চাই, যা আমাদের আল্লাহ আমাদের এই দেশের মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য, এই দেশের ভাগ্য পরিবর্তন কাজ করার তৌফিক দেবেন।’ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য আবদুল সত্দিখ খান, মির্জা আকাস, জামায়াতের নায়েরে আমির এ টি এম আব্দুহক্কল হুসেনা, আবদুল্লাহ হোয়াহ্মদ ডাফের, সাংক্দের শেলাফত মজলিসের আমির মামুনুল হকসহ অন্য রাজনৈতিক নেতারা।

গণভবন নয়, সংসদ হবে

পরিণত করা হবে। অতীতে জাতীয় সংসদ নামাময় থাকলেও মূল কেন্দ্র ছিল গণভবন। এখন সেই সংস্কৃতি থেকে বেরিয়ে আসার সময় হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাজধানীর ধানমন্ডিতে জাতীয় নাগরিক পাটর (এনসিপি) প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জাতীয় সংসদে বিভিন্ন ইস্যুতে আমাদের মধ্যে তর্ক-বিতর্ক ও বহুহত থাকবে, কিন্তু দেশের স্বার্থে সবাইকে একমত্বে থাকতে হবে। জাতীয় সংসদকে আলোচনার কেন্দ্রবিন্দু করবে। অতীতে জাতীয় সংসদ নামাময় থাকলেও মূল কেন্দ্র ছিল গণভবন। আমরা সেই জায়গা থেকে বেরিয়ে এসেছি। জাতীয় সব ইস্যু সেখানে আলোচনা হবে। শহীদদের আকাঙ্ক্ষা অনুযায়ী একটি কার্যকর সংসদ গঠনই হবে আগামীর লক্ষ্য। এনসিপি সম্পর্কে সালাহউদ্দিন আহমদ বলেন, প্রথম বছর নির্বাচনের মাধ্যমে জাতীয় সংসদে ছয়টি আসন পাওয়া দলটির জন্য বড় সাফল্য। এই ধারাবাহিকতা বজায় থাকলে ভবিষ্যতে দলটি রষ্ট্রক্ষমতায় পাওয়ার সম্ভাব্যতা অর্জন করবে বলেও আশাবাদ ব্যক্ত করা হয়। সময় লাগলে তবে সবকিছু ওভারাইড (রাতাওটিং) হয় না। রাজনীতির উদান-পতন যারা মানতে পারেনি তারা রাজনীতিতে টিকে থাকেনি। রাজনীতির আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, আমরা এখন সনাতন রাজনীতিতে বিশ্বাস করি না। ১৯৫২ বা ১৯৭১ এর ইতিহাস দিয়ে বক্তব্য শুরু করতে করতে বর্তমানের জন্য আর কিছু থাকে না বক্তব্যে। আমাদের ইতিহাসের পাশাপাশি যুগোলের দিকেও তাকাতে হবে। বর্তমান ও ভবিষ্য নিয়েদের জন্য রাজনীতি করতে হবে। গণতন্ত্রের মাঠে শত ফুল ফুটবে উল্লেখ করে বিএনপির স্থায়ী কমিটির এই সদস্য আসেন, অনেক ফুলকে দেখেছি শুধু রাজনৈতিক সাইনবোর্ড হিসেবে ব্যবহৃত হয়। কিন্তু এনসিপি যেন সত্যিকার অর্থে এই দেশের মানুষের প্রতিনিধিত্ব করে। এ দেশের জনমানুষের আকাঙ্ক্ষা তারা যেন গ্রহণ করে। ২০২৪ সালের ছাত্র-জনতার অভ্যুত্থানে শহীদদের প্রত্যাশা ও আকাঙ্ক্ষাকে ধারণ করার আহ্বান জানিয়ে তিনি বলেন, সেই রকম রাজনীতি এনসিপি যেন করে। রাজনীতি একটি গতিশীল বিষয়। আমাদের গতিশীলতাকে মেনে নিতে হবে। আমরা সবাই জাতীয় স্বার্থে এক থাকবো।

নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের

বিকলে চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে বিশিষ্ট ব্যক্তিদের সম্মানে জামায়াতে ইসলামী আয়োজিত ইফতার মাহফিলে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আজ আমরা একটি গুরুত্বপূর্ণ সময়ে সবাই এখানে একত্রিত হয়েছি। কিছুদিন আগে দেশে নির্বাচন হয়েছে, এ নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছে। যে গণতন্ত্রের জন্য বাংলাদেশের মানুষ প্রায় এক দশকের বেশি সময় ধরে অকাতরে জীবন দিয়েছে, বিভিন্ন অত্যাচার-নির্যাতন, খম-খুনের শিকার হয়েছে। এ ত্যাগের বিনিময়ে আমরা আমাদের গণতন্ত্র এই গণতন্ত্রের যাত্রা যেটি সূচনা হচ্ছে বা নিয়েছে, নির্বাচনের মাধ্যমে সেটির সুযোগ পেয়েছি। তিনি বলেন, আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি আজ আমাদের, আমার সবারে আমার নেতৃত্বপন্থকে এবং আমার সরকারসঙ্গীদের এই ইফতার মাহফিলে দাওয়াত দেওয়ার জন্য। সরকারপ্রধান বলেন, সম্মানিত সব নেতৃবৃন্দ ও উপস্থিতি, আজ এখানে শুধু আমি নই, এখানে শুধু বাংলাদেশে জামায়াতে ইসলামীরা নেতৃবৃন্দ বা কর্মীবৃন্দ নন; আমাদের বাইরেও এখানে অন্যান্য আরও রাজনৈতিক দলের নেতৃবৃন্দ আছেন, এখানে আরও অন্যান্য সমাজের অন্যান্য বিভিন্ন স্তরের বিভিন্ন সম্মানিত ব্যক্তিবর্গ উপস্থিত আছেন আজকের এই ইফতার মাহফিলে। তারেক রহমান বলেন, সম্মানিত উপস্থিতি, বাংলাদেশের মানুষ আজ অনেক প্রত্যাশা নিয়ে, অনেক আকাঙ্ক্ষা নিয়ে, অনেক আশা নিয়ে আমাদের সবার দিকে তাকিয়ে আছে, বিশেষ করে রাজনৈতিক দলগুলোর দিকে তাকিয়ে আছে। আজ আমাদের এই ইফতার মাহফিলে আসুন আমরা আল্লাহর নামে শপথ গ্রহণ করি যে, আমাদের আগামীদিনের কাজগুলো ছাড়া এই দেশের মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য। তিনি বলেন, আসুন আমরা আল্লাহর দরবারে সেই রহমত চাই যার মাধ্যমে আল্লাহ আমাদের এই দেশের মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য এত দেশের ভাগ্য পরিবর্তনে কাজ করার তৌফিক আল্লাহ তাআলা আমাদের দেনবে। এই ইফতার মাহফিলে তাকে দাওয়াত দেওয়ার জন্য তিনি আবারও জামায়াতে ইসলামী এবং দলটির আমির ডা. শফিকুর

রহমানসহ সব নেতৃবৃন্দকে ধন্যবাদ জানান।

ইরানের ৩১ প্রদেশের ২০টিতেই

করছে, যেখান থেকে মার্কিন ও ইহুদিবাদী ইসরায়েলের অভিযান পরিচালিত হয়েছে। একই সঙ্গে ইরানের প্রতিরক্ষা কার্যক্রমের বিরুদ্ধে ব্যবহৃত সব স্থাপনাও আমাদের লক্ষ্যবস্ত্তর অন্তর্ভুক্ত। এদিকে, দক্ষিণ ইরানে একটি স্থলে ইসরায়েলি ক্ষেপণাস্র হামলায় ৫১ জন শিক্ষার্থী নিহত হয়েছে বলে দেশটির রাষ্ট্রীয় টেলিভিশন খবর দিয়েছে। দেশটির মিনাব কাউন্টির গভর্নর বলেছেন, সকালে একটি প্রাথমিক বালিকা বিদ্যালয়ে ইসরায়েলি ক্ষেপণাস্র আঘাত হেনেছে। এতে এখন পর্যন্ত ৫৩ জন শিক্ষার্থী নিহত ও আরও ৬০ জন আহত হয়েছে। গত কয়েক মাস ধরে ইরান ও ইসরায়েলের মধ্যে চলা ছায়াযুদ্ধ সরাসরি সংঘাতে রূপ নিয়েছে। শনিবারের এই বড় ধরনের হামলার পর ইরান বলেছে, তারা হামলার কঠোর জবাব দেবে। দেশটির পররাষ্ট্রমন্ত্রী আকাস আরাখচি বলেছেন, আন্তর্জাতিকে আইন অনুযায়ী ইরানের আত্মরক্ষার অধিকার রয়েছে এবং তারা কেবল ইসরায়েল নয়, বরং হামলায় সহায়তাকারী মার্কিন ঘাঁটিগুলোকেও লক্ষ্যবস্ত্ত করছে।

আলীগ ক্যাডার লিটল মোল্লার

কাশিপুর এলাকায় প্রকাশ্যে আগুামী লীগের মহড়া দেওয়ার বিষয়টি এখন টক অব টাউনে পরিণত হয়েছে। বিমানবন্দর থানার পাশেই লিটল মোল্লার অবস্থান নিয়ে এলাকার চরম আতঙ্ক বিরাজ করছে। কাশিপুর এলাকার বাসিন্দা আরাক বলেন, আগুামী লীগের ১৭ বছরে বরিশাল নগরী ও কাশিপুর এলাকার সন্ত্রাসী কর্মকাণ্ড চলিয়েছে কাদের মোল্লার তিন ছেলে কালাম মোল্লা, লিটন মোল্লা ও মনু মোল্লা। এমনকি এলাকার মাদকের সিকিটেই এই পরিসরটি। গত দেড় বছর পালিয়ে থাকার পর ওড়বার প্রকাশ্যে আসেন লিটন মোল্লা। এদিকম মামলার আসামি লিটনকে কেন ফ্রেকতার করা হয়নি এ নিয়ে জনমনে রয়েছে নানা প্রশ্ন। এ বিষয়ে বিমানবন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওপি) মিজানুর রহমান বলেন, ঘটনটি আমরা জানা নেই। তবে বেশিরভাগ নিয়ে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

অভ্যুত্থানের পরে জামায়াত ছিল

এসব কথা বলেন। আ্যডভোকেট হেলাল আরও বলেন, বিতর্কিত নির্বাচনে সরকার গঠন হওয়ার কারণে জনগণের প্রতি কোন দায়বদ্ধতা নেই। সরকার ক্ষমতার অপব্যবহার করে বিভিন্ন সিটিতে প্রশাসক নিয়োগ দিয়েছে যেটা ২৪ এর অভ্যুত্থানের আদর্শ বিরোধী। বাংলাদেশে সোটা ব্যাংকের গভর্নরকে সরিয়ে দিয়ে নতুন গভর্নর নিয়োগ দিয়েছে সেটা বাংলাদেশের ইতিহাসে নজিরবিহীন। দেশের বিভিন্ন জায়গায় চাঁদাবাজি ও বিশৃঙ্খলা চাচ্ছে, এখান থেকে সেবাসবীকে বাচাতে হবে। দেশের জনগণ এই বিশৃঙ্খল পরিবেশ থেকে বাঁচার জন্য জনগণ জামায়াতে ইসলামীর উপর আস্থা রাখবে। জামায়াতে ইসলামী জনগণের সমর্জন নিয়ে অবশ্যই দেশের দায়িত্ব গ্রহণ করবে। কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহাপনর জামায়াতের আমির মাওলানা জহির উদ্দিন মু. বাবরের সভাপতিত্বে ও মহাপনর সেক্রেটারি মাওলানা মতিউর রহমানের সভাপনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মহানগরীর এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি মাস্টার মিজানুর রহমান, মুহায্মদ অতিকুত্লাহ, তারিকুল ইসলাম, কর্মপরিষদ সদস্য মাওলানা জয়নাল আবেদীন, শামীম কবির, মাওলানা শফিউল্লাহ তালুকদার, মাহফুজুর রহমান আমিন, কাউনিয়া থানা আমির মাওলানা মোস্তাফিজুর রহমান প্রমুখ নেতৃবৃন্দ।

বরিশাল, ভোলা ও পটুয়াখালীসহ

চাঁদপুর জেলা মহস্য বিভাগ বলছে, জাটকা সরেক্ষদের জন্য জেলার মতলব উত্তর উপজেলার ষাটলা থেকে হাইচর উপজেলার চরভৈরব সড়কি প্রায় ৭০ কিলোমিটার দূরী অভ্যশ্রম এলাকা ঘাষণা করা হয়েছে। এসব এলাকার প্রায় ৪৭ হাজার নিবন্ধিত জেলে নদীতে মাছ আড়াল থেকে বিরত থাকবে। আর বেকার হয়ে পড়া এসব জেলের মধ্যে ৩৯ হাজার ৪০০ জেলেকে দেওয়া হচ্ছে বিজিএফের চাল। তারা ফেব্রুয়ারি থেকে মে পর্যন্ত দুই বাপে ৪ মাস ৪০ কেজি করে ১৬০ কেজি চাল পাবে। জেলেরা জানান, নিষেধাজ্ঞার ওপর ভিত্তি করে তারা জাল ও নৌকা ভাঙার উচিয়ে সংকল্পের। কিন্তু তাদের যে খাদ্য সহায়তা দেওয়া হয় এতে তাদের খরচের চলে না। তাদের দাবি প্রণোদনা আরও বৃদ্ধি করার। চাঁদপুর জেলা মহস্য কর্মকর্তা মোহাম্মদ ফকরুল ইসলাম বলেন, সাংক্দের পদ্মা-মেঘনার অভয়াশ্রম এলাকায় সরকারি নির্দেশনা বাস্তবায়ন করবে জেলা ও উপজেলা টাঙ্কফোর্স। আইন অমান্য করে জাটকা ধরা হলে তাদের বিরুদ্ধে অভিযান ও অামামাণ আদালত পরিচালিত হবে। জেলা প্রশাসক ও জেলা টাঙ্কফোর্স কমিটির সভাপতি মো. নাজমুল ইসলাম সরকার বলেন, ইলিশের স্থায়ীত্বশীল উপাদান নিশ্চিত করার লক্ষে প্রতিবছর বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়, যার মধ্যে জাটকা সরেক্ষণ অন্যতম। জাতীয় স্বার্থে অংশীজনদের আরও তৎপর হতে হবে। জেলেনদের জাটকা ধরা থেকে বিরত থাকতে হবে।

গরম পানিতে গৃহকর্মীর

বাবা নেই। প্রতিবন্ধী হওয়ার মাকে ছেড়ে চুন গোছে বাবা। শিশুকালে মামার বাড়িতে থাকতাম। মামাদের অভাবের সংসার হওয়ায় অভিযুক্ত ফাইজা আক্তারের বামায় শিশু বয়সেই ৭ বছর ধরে গৃহপরিচারিকার কাজ করে আসেন। লামিয়া আরও বলেন, ফাইজাকে খালা ডেকেই তার বাসার সরক কাজ করেছে। সামান্য ভুল ভাটি পেলেই শারীরিক নির্যাতন করত। আমার সারা শরীরে অসংখ্য দাগ রয়েছে ক্ষত বিক্ষত চিহ্ন রয়েছে। সর্বশেষ ২৬ ফেব্রুয়ারি তারি ১০টার সময় আমার বিরুদ্ধে অভিযোগ উঠেছে। আমি নাকি কাপড় কাটা সাবানের পরিবর্তে গায়ে দেওয়া সাবান দিয়ে জামাকাপড় ধুয়েছি। এমন অভিযোগে আমাকে মামার করে টরাগে গরম পানি আমার শরীরে ঢেলে দেয়। গরম পানিতে আমার ডান হাতত্বহ শরীর ঝলসে যায়। গৃহপরিচারিকার মামি আমি'না বেগম বলেন, আমার ভাগিনী খুবই অসহায়। অভাবের তড়ানয় শিশু বয়সে ৭-৮ বছর আগে ওই বাসার কাজে দিয়েছি। ওরে যতই মারধর করত কোনো সময় আমাদেরকে জানাত না। অনেক সহ্য করে থাকত। ঘটনার পরে আমাদের বাসায় গিয়ে ওর মামার কাছে বলে, আমাকে কিছু টাকা দাও আমি আর ওই বাসায় থাকব না। তাদের নির্ঘাতন আর সব করতে পারছি না। তিনি আরও বলেন, অবস্থা খারাপ দেখে ওর মামা হাসপাতালে ভর্তি করান। ওর সারা শরীর গুড়ে দিয়েছে। পুরুষ হলে পুরো শরীর দেখাতে পারতাম কিন্তু য়েহে হওয়ায় দেখাতে পারছি না। ওর বাবা ওর মাকে ছেড়ে দিয়েছে। ওর মা কানো ও শুনে না আর চোখেও দেখে না। লামিয়া মা-বাবার একমাত্র সন্তান। ওকে আত্মেও বিভিন্ন সময় মারধর করে এবং গরম গোহার ছেঁকা দিয়ে সারা শরীর ক্ষতবিক্ষত করে দিয়েছে। হাসপাতালে গেলে বেডেডে শয্যা আলম বলেন, ওর মা-বাবা থেকেও নেই। ওরে নির্ঘাতন করে শরীরে যে অবস্থা করেছে তা দেখলে আল্লাহর আসমান কেঁপে ওঠে। আমরা ওর কাশা সহ্য করতে পারছি না। এইভার কটন ভিচার হওয়া উচিত। অভিযোগ প্রসঙ্গে জানতে চাইলে অভিযুক্ত ফাইজার বোন শীমা বেগম বলেন, আমার বোন কিছুটা মেজাজী। আমার ভাই মেয়েটিকে ছেড়ে দেওয়ার জন্য তার মামার কাছে প্রস্তাব করেছিলাম, কিন্তু তারা নেই। গরম পানিতে শরীর ঝলসে দেওয়ার প্রসঙ্গে বলেন, বিষয়টি আমি দেখিনি, তবে শুনেছি। কেন এমনটা করেছে আমি সঠিক কিছু জানি না। প্রত্যক্ষদর্শী ও এলাকাবাসীর সঙ্গে কথা বলে জানা যায়, প্রবাসীর স্ত্রী ফাইজা আক্তার খুবই বদমেজাজি হিসেবে এলাকায় পরিচিত। গৃহপরিচারিকা কিশোরীকে কথায় কথায় তাচ্ছিল্য এবং পান থেকে চুন বসলে চুলের মুঠি ধরে মারধর, বেত দিয়ে পেটানো, গরম খুঁটি দিয়ে ছেঁকা দেওয়া সর্বশেষ গরম পানি দিয়ে শরীরের বিভিন্ন স্থান ঝলসে দিয়েছে। মেহেনদিগুণ থানার অফিসার নিয়াজুল (ওপি) মিজানুর রহমান বলেন, এ ঘটনায় লামিয়ার মামা রিয়ারজুল ইসলাম বাদী হয়ে প্রবাসী জহিরে হোসেন তালুকদারের স্ত্রী ফাইজা আক্তারকে একমাত্র আসামি করে থানায় মামলা করেন। পুলিশ এর পরপরই ফাইজাকে গ্রেপ্তার করে আদালতে হাজির করে।

বরিশালে শহীদ আলতাফ মাহমুদ

করে “শহীদ আলতাফ মাহমুদ স্মৃতি সংসদ”। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্মৃতি সংসদের আহ্বায়ক ফয়জান নহার শেলী। কবি ও শিক্ষক গীষয় পাদ্যাপাধ্যায়ের সভাপনায় অনুষ্ঠানের সূচনা হয় শহীদ আলতাফ মাহমুদের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন ও এক মিনিট নীরত্ব পালনের মধ্যে দিয়ে। সচিত্র অতিথিদের স্বাগত বক্তব্য প্রদান করেন স্মৃতি সংসদের সদস্য সাগর অনিমেসন সাহা সিটু। অনুষ্ঠানের সপ্তক্বেই পরিবেশিত হয় আলতাফ মাহমুদের সুরারোপিত অমর সঙ্গীত “আমার হাভিয়ের রক্তে রাজানো”। এছাড়াও তাঁর সুরকৃত আরও কয়েকটি দেশোদ্‌বোধক গান পরিবেশন করা হয়। ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধে তাঁর অবদানের প্রতি গভীর শ্রদ্ধা জানাতে নাট্যকার ও গীতিকার মির্ফা করের রচনায় এবং মীর সান্নির হোসেন

শামিমের সুরে নতুন একটি গান “সূরের পাখি ভূমি, ভূমি যে আপনজন” পরিবেশিত হয়, যা উপস্থিত দর্শক-শ্রোতাদের আবেগাপ্লুত করে। এরপর আলতাফ মাহমুদের জীবন ও কর্মের ওপর একটি সংক্ষিপ্ত জীবনী পাঠ করা হয় এবং শিশু-কিশোরদের অংশগ্রহণে আবৃত্তি পরিবেশিত হয়। আলোচনা পর্বে বক্তারা বলেন, “আলতাফ মাহমুদ বরিশালের গর্বিত সন্তান হলেও দীর্ঘদিন ধরে আমরা তাঁকে যথাযথভাবে মূল্যায়ন করতে পারিনি। ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধে তাঁর অবদান ইতিহাসের অবিচ্ছেদ্য অংশ। তাঁর স্মৃতি সরেক্ষণ ও নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে আরও গবেষণা, আলোচনা সভা ও সাংস্কৃতিক কার্যক্রম প্রয়োজন।” বক্তারা আরও বলেন, আলতাফ মাহমুদ স্মৃতি সংসদের উদ্যোগে প্রশংসনীয় আরও সংগঠনের মাধ্যমে তাঁর জীবন ও আদর্শ ছড়িয়ে দিতে সম্মিলিত চেষ্টা প্রয়োজন। একই সঙ্গে বরিশালে অবস্থিত আলতাফ মাহমুদ সংগীত বিদ্যালয় সংস্কার করে পুনরায় চালুর দাবি জানানো হয়। অনুষ্ঠানের শেষপর্বে প্রবাসী কবি মো. ফোরকান ইসলামের রচিত ও এবারের অমর সঙ্গীত বইমেলায় প্রকাশিত গ্রন্থ “যৌবন জোয়ার”-এর মোড়ক উন্মোচন করা হয়। গ্রন্থটির সম্পাদক এবং আলতাফ মাহমুদ স্মৃতি সংসদের সমন্বয়কারী মুহম্মদ ইমন খন্দকার হৃদয় আলতাফ মাহমুদ সম্পর্কে বলেন, বরিশালবাসির গর্ব করার মতো যদি কেউ থাকে তার মধ্যে অন্যতম আলতাফ মাহমুদ। তাকে বাঁচিয়ে রাখা আমাদের দায়িত্ব। বরিশাল সাংস্কৃতিক অঙ্গন দীর্ঘদিন ধরে কলুষিত। তা আলতাফ মাহমুদ স্মৃতি সংসদের মধ্যে দিয়ে পরিতষ্ক করতে চাই। নতুন কিছু আমরা করতে চাই। গ্রন্থ সম্পর্কে বলেন, “প্রবাসী কবি ফোরকান ইসলাম বরিশালের সন্তান। দারিদ্র্য ও সংগ্রামের মধ্য দিয়ে তাঁর বেড়ে ওঠা। জীবিকার তাগিদে প্রবাসে থাকলেও দেশের প্রতি তাঁর গভীর ভালোবাসা রয়েছে। ‘যৌবন জোয়ার’ গ্রন্থে দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, প্রেম ও বাস্তব জীবনের নানা দিক উঠে এসেছে। এটি মূলত মানুষের গণবড় সঞ্জাম, স্বপ্ন ও আশার গল্প।” অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরিশাল রিপোর্টার্স ইউনিটির সভাপতি আনিসুর রহমান শপন, সময় টেলিভিশনের সুরো চিফ অর্পূর অণু, বরিশাল জেলা দক্ষিণ জাসাদের আহ্বায়ক সান্নির নেওয়াজ সাগর, শদাফী গ্রুপ থিয়েটারের সভাপতি মো. ফারুক হোসেন, কবি ও ছড়াকার দীপংকর চক্রবর্তী ও তৎপৎর চক্রবর্তী, বিএম কল্লের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক স. ম. ইমদুল হাকীম ও অধ্যাপক ড. ননী গোপাল দাশ, বরিশাল সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক দেবাশীষ সরকার, সাংস্কৃতিক সংগঠক আবুল খায়ের সবুজ, নিলু-মনু ট্রাস্টের সভাপতি নজরুল হক নিলু, বরিশাল ক্যাবের সাধারণ সম্পাদক শফিক দত্ত, লেখক সাইফুল আহসান বুলবুল, অমৃত লাল দে কল্লের প্রাক্তন অধ্যক্ষ সুজাত চন্দ্র গাল, সম্মিলিত সামাজিক আন্দোলনের সভাপতি টুনু রানী কর্মকার, বীর মুক্তিযোদ্ধা মহিউদ্দিন মানিক (বীর প্রতীক), বরিশাল গণজোয়ারের কেন্দ্রীয় সদস্য হিরণ কুমার দাশ মিষ্ট, আবৃত্তিকার সুজয় সেন, সাংস্কৃতিক সংগঠক দীপ্তি ঘোষসহ বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিরা। উল্লেখ্য, শহীদ আলতাফ মাহমুদ ভাষা আন্দোলনের সংগীতযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সংগঠক হিসেবে বিশেষভাবে স্মরণীয়। ১৯৭১ সালের ৩০ আশ্বিন পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে প্রেহৃত্তার হয়ে নির্মম নির্যাতনের পর তিনি শহীদ হন। তাঁর সুরারোপিত গান আজও ভাষা আন্দোলনের প্রতীক সাইফুলে বাজারির রূপরে অনুর্ণনিত হয়। দৈনিক আজকের সময়ের বার্তা-এর প্রকাশক ও সম্পাদক এম. সোেকমান হোসাইন এবং একই পত্রিকার সাংবাদিক মুহম্মদ ইমন খন্দকার হৃদয়ের উদ্যোগে “শহীদ আলতাফ মাহমুদ স্মৃতি সংসদ” গঠিত হয়। সংগঠনের লক্ষ্য আলতাফ মাহমুদের জীবন, কর্ম ও আদর্শ সংরক্ষণ এবং তা নতুন প্রজন্মের কাছে পৌছে দেওয়া।

প্রতিমন্ত্রী নুরের মতবিনিময়

সভায় পরিবর্তনের ডাক

গলাটিগা প্রতিনিধি

গলাটিগা উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সঙ্গে মতবিনিময় সভা করেছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নূরুল হক (এমপি)। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সকাল ১১টা ৩০ মিনিটে গলাটিগা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা প্রশাসনের হারুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন গলাটিগা উটকোলা নির্বাহী কর্মকর্তা মো. মাহমুদুল হাসান। মতবিনিময় সভায় বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ তাদের স্ব-স্ব দপ্তরের কাজ ও কর্মক্ষেত্রে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্টসহ উপজেলার নানা সমস্যা তুলে ধরেন। এসব সমস্যা দ্রুত বাস্তবায়নের আশ্বাস দেন প্রতিমন্ত্রী। প্রতিমন্ত্রী বলেন, “আমাদের প্রধানমন্ত্রী নির্ধারিত সময়ের আগেই প্রতিদিন অফিসে উপস্থিত থাকেন। এর মূল উদ্দেশ্য হলো জনগণের কাছে আমাদের দায়বদ্ধতা থেকে তাদের প্রাপ্য সেবা নিশ্চিত করা।” তিনি আরও বলেন, “প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে আমাদেরও আমাদের ওপর দায়বদ্ধ হতে হবে।” প্রতিমন্ত্রী বলেন, “আমাদের প্রধানমন্ত্রী নির্ধারিত সময়ের আগেই প্রতিদিন অফিসে উপস্থিত থাকেন। এর মূল উদ্দেশ্য হল

কবীর্ভনাথানা

মাছধরারতী প্রতিদিন

মাছ ধরায় নিষেধাজ্ঞা, কর্মহীন

চাল দ্রুত দেওয়ার দাবি জানিয়েছেন জেলেরা। শনিবার সরেজমিনে ভোলা সদর উপজেলার শিবপুরে ভোলার খাল ও ধনিয়ার তুলাতুলি মাছঘাটসহ মেঘনা নদীর তীরবর্তী এলাকা ঘুরে দেখা গেছে, নিষেধাজ্ঞার খবরে জেলেরা জাল ও মাছ ধরার নৌকা-ট্রলার নিয়ে তীরে ফিরেছেন জেলেরা। তীরে আসার পর তাদের ট্রলার নিরাপদ স্থানে রেখে ট্রলার জালসহ মাছধরার সকল সরঞ্জামাদি বাড়িতে নিয়ে যাচ্ছেন। আবার কেউ কেউ নদীর তীরেই জাল মেরামতের প্ররু্তি নিয়েছেন। জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, জাটকা সরবরাহ ও ইলিশের উৎপাদন বাড়াতে ১ মাঠ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত দুই মাস নদীতে সকল ধরনের মাছ শিকারে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। এই দুই মাস ভোলার মেঘনা নদীর চর ইলিশা থেকে চর পিয়াল পর্যন্ত ৯০ কিলোমিটার এবং তেঁতুলিয়া নদীর চর ভেদুরিয়া থেকে চর রুগম পর্যন্ত ১০০কিলোমিটারসহ মোট ১৯০কিলোমিটার এলাকায় ইলিশের অভ্যন্তরম্য়ে সব ধরনের মাছ শিকারের ওপর নিষেধাজ্ঞা থাকবে। কার্যালয় সূত্রে আরো জানা গেছে, জেলায় নির্বাচিত জেলের সংখ্যা ১ লাখ ৭০ হাজার ১৮০ জন। এর মধ্যে ভোলা সদর উপজেলায় ২২ হাজার ৪১২ জন, দৌলতখানে ২৪ হাজার ৩ জন, বোরহানউদ্দিনে ১৯ হাজার ৮৩৮ জন, তজুমদ্দিনে ১৯ হাজার ৫৭২ জন, লালমোহনে ২৪ হাজার ৮০৬ জন, চরফামনে ৪৪ হাজার ৩১১ জন ও মনপুরা উপজেলায় ১৫ হাজার ৩৪১ জন। এদের মধ্যে ৯০ হাজার ২০০ জেলের জন্য ৮০ কেজি করে মোট ১৪ হাজার ৪৩২ মেট্রিকটন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। ভোলার মেঘনা নদীর জেলে মো. ইয়মান, মো. জামাল ও পাছে আলমসহ ১০-১২জন জেলে জানান, এর বছর নদীর জামতে মাছ পাননি। তাই বিপত বছরের ধারদেনা ও এনিজগুণ খণ শোধ করতে পারেননি। এতে করে ঋণের বোঝা ভারী হচ্ছে। আবার শনিবার রাত থেকে দুইমাসের অভিয়ান শুরু হওয়ার খবরে খুব চিন্তায় রয়েছেন তারা। এর মধ্যে রমজান মাস চলছে, কিছু দিন পর আবার রম চলে আসবে। কিভাবে সংসার চলেবে আর কিভাবে ধারদেনা পরিশোধ করবেন তা নিয়ে অনিশ্চতার মধ্যে রয়েছেন। এদিকে জেলে কাজ ছাড়া অন্য কোনো কাজও করতে পারেন না তারা। তারা আরো জানান, অভিযানের সময়ে আড়তদারের দেনার জন্য চাপ না থাকলেও এনিজগুণ লোকজন বাড়িরদর ছাড়ে না। তাই তারা অভিযানকালীন সময়ে জেলেরের সহায়তা চাল দ্রুত বিতরণের পাশাপাশি এনিজগুণ ঋণের ক্ষতিপূনের দাবি জানান তারা। তুলাতুলি মাছঘাটের জেলে মো. আআজাদ জানান, নদীতে অভিযান মানেই জেলেরা কর্মহীন। এ সময়ে আন্মায়ের অনেক কষ্টে দিন কাটাতে হয়। অভিযানের সময় মাসে ৪০ কেজি করে চাল দেওয়া হয়, তা আবার সঠিক সময়ে দেওয়া হয় না। কেউ পায় আবার কেউ পায় না। এরপরও শুধু চাল দিয়ে তো আর সংসার চলে না। মৎস্য সংসারে অভাব দেখা দেবে তখন জেলেরা বাধ্য হয়েই অভিযানের মধ্যে নদীতে মাছ ধরতে যায়। সরকারের কাছে অভিযান শুরুস প্রথম সপ্তাহে বরাদ্দের চাল বিতরণসহ এনিজগুণ ঋণের ক্ষতিপূ বন্ধ রাখার পাশাপাশি চালের সাথে অন্যান্য নিত্যপায়ন দাবি জানান তিনি। ভোলার জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ইব্বাকুল হোসেন জানান, দুই মাসের অভিযান সফল করতে ইতোমধ্যে ব্যাবল প্রচার প্রচাণনা ও সচেতন সভা করা হয়েছে। প্রতিমাসে একেক জন জেলে ৪০ কেজি করে ভিজিফ্র চাল পাবে। ইতোমধ্যে চাল বরাদ্দ পাওয়া গেছে, অভিযানের প্রথম সপ্তাহে চাল বিতরণ করা হবে। তিনি আরো জানান, এ বছরই প্রথম ইলিশ সম্পদ প্রকল্পের আওতায় জেলার ১৩হাজার ৬০০জেলাকে বিভিন্ন ধরনের খাদ্যসামগ্রী দেওয়া হবে। সার্বপরি অভিযান সফল করতে সকল প্ররু্তি সম্পন্ন করা হয়েছে। জেলদের এনিজগুণ ঋণের ক্ষতিপূ বন্ধ রাখার দাবির বিষয়ে জেলা টাকসোর্স কমিটি সভায় আলোচনা হয়েছে, আশা করি শিগগিরই এ বিষয়ে সিদ্ধান্ত আসবে।

ইন্দুরকানীতে বিদ্যুতায়িত হয়ে

মাটি কাটার জন্য পার্শ্ববর্তী এলাকা দক্ষিণ ইন্দুরকানীর মালবাড়ি নামক এলাকার গার্লস স্কুলের সংলগ্ন পুকুরে মাটি কাটতে যান। সেখানে মাটি কাটার কিছু সময় পর যারা রাজা রানখি তারা সকালের খাবার খেত যান, তবে হানিক শেখ রাজা রানখার কারণে তিনি খাবার খেতে না গিয়ে ওই পুকুরে জমা হওয়া পানি সেচ দেওয়ার জন্য বিদ্যুৎ চালিয়ে মোটর চলাতে গিয়ে বিদ্যুৎ পৃষ্ঠ হন। স্থানীয় গ্রাম পুলিশ মো. আসাদুজ্জামান বলেন, হানিক শেখ মাটি কাটতে গিয়ে পানি সেচ দেওয়ার সময় বিদ্যুতায়িত হন। পরে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ইন্দুরকানী থানার ওপি মো.মামিমা হাওয়াদার জানান, নিহত ঋমিকের মরদেহ পোস্টমর্টেম-এর জন্য পাঠানো হয়েছে। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

অটোরিকশা-মোটরসাইকেল

খলিপুর রহমান (৪৫) রাজাপুর উপজেলার কৈবতখালী গ্রামের ইমান আলী খানরা ছেলে। পেশায় অটোচালক। প্রত্যক্ষদর্শীর বরাতে রাজাপুর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওপি) নজরুল ইসলাম জানান, দুপুরে রাজাপুর উপজেলা থেকে ডাকরিয়াগামী একটি অটোরিকশা সমবায় এলাকায় পৌঁছালে বিপরীতদিক থেকে আসা একটি মোটরসাইকেলের সঙ্গে মুচোৎসে সংঘর্ষ হয়। সংঘর্ষে অটোরিকশার দুমহে-মুচড়ে যায় এবং চালক পরিচয় নিহত হন। থবর পেয়ে রাজাপুর থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়।

প্রধানমন্ত্রী তারেক রহমান সাধারণ

কম্যানেসের জন্য করত হবে। দেশ ও দেশের মানুষকে অগ্রাধিকার দিয়ে কাজ করবে হবে। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী প্রথম মন্ত্রী সভার মিটিং এ বলেছেন, তিনি কোনো অনিয়ম, দুর্নীতি ও স্বজনমিত্তির বরদাশ্রম করবেন না। আমরা যারা তার স্বপ্ন বাস্তবায়নে সারাস্থে কাজ করছি, তাদেকেও সেই একই যাত্রা তেমন দিকে ধাবিত হতে হবে বলে মন্তব্য করেন প্রতিমন্ত্রী নূরুল হক নূর। গণ ইকুতার মাহফিলে বিনোপি ও গণঅধিকার পরিষদের নেতাকর্মীসহ সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

বাবাকে নিয়ে মাসুদ

দেওয়া রায় ‘নয়াবিকার বিহিন্ত’ ছিল। স্ট্যাটসে মাসুদ সাদ্দী আরও উল্লেখ করেন, ওই রায়ের প্রতিবাদে দেশজুড়ে বহু মানুষ আন্দোলনে অংশ নিয়েছিলেন এবং আনন্দশুজলা বাহিনীর গুলিতে বহু হতাহতের ঘটনা ঘটে। তিনি নিহতদের জন্য দোয়া করেন এবং তাদের ‘শহীদ’ হিসেবে উল্লেখ করেন। এ ছাড়াও, তিনি তার স্ট্যাটসে তৎকালীন সরকার ও ক্ষমতাসীন দল বাংলাদেশ আওয়ামী লীগের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলেপন করেন। সেসবক স্ট্যাটসে মাসুদ সাদ্দী লিখেন, আজ ২৮ ফেব্রুয়ারি। জারির ইতিহাসে ‘২৮ ফেব্রুয়ারি’ এক কালা দিন, কলংকিত দিন। ২০১৩ সালের আজকের এই দিনে স্মৃতিত ‘আন্তর্জাতিক’ অপরাধ ট্রাইব্যুনাল শতাব্দীর নিকৃষ্ট সব মিথ্যা অভিযোগের মিথ্যা মামলায় মিথ্যা সাক্ষর ভিত্তিতে এক ন্যায়ত্রয় রায়ের মাধ্যমে বিশ্বের অগণন মানুষের হৃদয় স্পন্দন, কোরআনের খাদেম আল্লামা দেলাওয়ার হোসাইন সাদ্দীর বিরুদ্ধে ফাঁসি আদেশ দিয়েছি। তিনি লিখেন, দেশবাসী জানত আল্লামা সাদ্দী নির্দোষ, নিরপরাধ। তাই শুরু থেকেই তারা আল্লামা সাদ্দীর বিরুদ্ধে সরকারের দায়ের করা তথ্যাকথিত যুদ্ধাপরাধ মামলা বিস্মাস করেন। এরপরও যখন মিথ্যা মামলায় আল্লামা সাদ্দীর বিরুদ্ধে ফাঁসি আদেশ দেওয়া হয়েছিল তখন সচেতন জনতা কেউ ঘরে বসে থাকেনি। প্রতিবাদী কোরআন প্রেমিক লাখ কোটি নারী-পুরুষ রাষ্ট্রায় নেমে এসে ২৮ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ পর্যন্ত সরকারের লাঠিয়াল পুলিশ নির্বিচারে গুলি চালিয়ে সারাদেশে ২৫৫ জনকে হত্যা করে র়েষ্টার করে ছাড়ার নারী-পুরুষ। তিনি আরও লিখেন, একজন ব্যক্তির ভালকাসায় এতো মানুষের জীবন দান পৃথিবী সৃষ্টির ইতিহাস থেকেই নজিরবিহীন। জনতা সৌদিন প্রমাণ করে দিয়েছিল, ‘যুদ্ধাপরাধ নয়, কোরআনের দাওয়াত ঘরে ঘরে পৌঁছে দেয়াই আল্লামা সাদ্দীর অপরাধ’। যেনব ভাই-বোনেরা কোরআনের খাদেম আল্লামা দেলাওয়ার হোসাইন সাদ্দীর ভালকাসায় জীবন দিয়েছেন মহান আল্লাহ রাব্বুল আলা আমিন তাদের সবাইকে শাহাদাতের সর্বোচ্চ মর্যাদা দান করুন, তাদের সকল ভুল ক্রটি ‘রহমান-রহিম’ নামের উচ্ছিয়ায় মাফ করে দিন আর তাদেরকে মেরমান বানিয়ে নিন। মাসুদ সাদ্দী স্ট্যাটসে আরও বলেন, কোরআনের পাখিকে দুনিয়ার জীবনে আমরা আর ফিরে পাইনি। ফ্যানসি আওয়ামী লীগ আর তাদের দাসসেরো পরাকর্ষিতকো আল্লামা সাদ্দীকে হত্যা করেছে। কোরআনের পাখির আকাশশূন্য জগপ্রিয়তায় ভীত হয়ে তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ এনে জালিমেরা তাকে জনগণ থেকে বিচ্ছিন্ন করতে চেয়েছিল। কিন্তু আল্লাহ তায়ালায় দয়ায় জালিমেরা আল্লামা সাদ্দীকে জনগন থেকে বিচ্ছিন্ন করতে পারেনি বরং বিপর্যায়ী তার জনপ্রিয়তা বহুগুণ বেড়ে, তার প্রতি মানুষের আবেগ ভালবাসা হাজার গুণ বেড়ে গেছে। স্ট্যাটসায়ের শেষে

তিনি বলেন, ইয়া রব! কোরআনের পাখি শহীদ আল্লামা সাদ্দীকে ভূমি জ্ঞানাতের সবুজ পাখি হিসেবে দয়া করে করুল করে নাও। শহীদের রক্তে রঞ্জিত এ বাংলাদেশকে ভূমি ইসলামের জন্য করুল করে নাও। মাসুদ সাদ্দীর এই স্ট্যাটসি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন মহলে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা সরকারের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি। উল্লেখ্য, মানবতাবিরোধী অপরাধের অভিযোগে গৃহীত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ২০১৩ সালের ২৮ ফেব্রুয়ারি দেলাওয়ার হোসাইন সাদ্দীর বিরুদ্ধে মৃত্যুদণ্ডের রায় ঘোষণা করে। পরবর্তীতে আপিল বিভাগ সেই রায় পরিবর্তন করে তাকে আমৃত্যু কারাদণ্ড প্রদান করে।

মীরগঞ্জ-মুলাদী নদীপথে

নদীতে নাব্য সংকট আর অসংখ্য ডুবোচরের কারণে নৌযান বা ফেরি চলাচল এখন ছমকির মুখে পড়ছে। বর্ষায় কোনোভাবে নদীপথটি সচল থাকলেও শুকনো মৌসুমে নৌযান ও ফেরি চলাচল বন্ধের উপক্রম হয়ে দাঁড়িয়েছে। এ অবস্থায় ড্রেজিং বিভাগ আড়িয়াল খা নদীর মীরগঞ্জ-মুলাদী ফেরি চলাচলের অংশ খনন না করলে যেকোনো সময় পথটি বন্ধ হয়ে যাবে। সরেজমিনে দেখা গেছে, মীরগঞ্জ-মুলাদী ফেরি পারাপার অংশে ছোট ছোট ট্রলার চলাচল করছে। কিছুদূর গিয়ে ট্রলারচালক একটি বাঁশ দিয়ে নদীর নাব্যতা মাপছেন। তারপর নাব্য দেখে চলাচল করছেন। একইভাবে দেখা যায় ফেরির লোকজনও বাঁশ দিয়ে নদীর নাব্যতা মাপছেন চলাচল করছে। ওই রুটে চলাচলকারী যাত্রী শামিম বলেন, বেশ কিছু বহুর ধরে মীরগঞ্জ-মুলাদী রুটে এই সন্সয়া ভোগ করতে হচ্ছে। বর্ষায় টিনভাভে লাচাল করতে পারলেও শুকনো মৌসুমে ভোগান্তির শেষ থাকে না। এ অবস্থায় আড়িয়াল খা নদীর নাব্যতা বর্ডিয়ে জলদূর্ভোগ কামতে পরিকল্পিত ড্রেজিং করার জানান জানান ওই রুটের হাজার হাজার যাত্রীরা। ওই রুটের নিম্নমিত প্য পরিবহন করা ট্রাকেচ চালক রুবেল বলেন, আগে ১০ থেকে ১২ মিনিটেই এগার থেকে ওপারে যেতাম। এখন ৩০-৩৫ মিনিটের বেশি সময় লাগে। এতে নির্দিষ্ট সময় প্যা পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে না। চতনশীল প্যা হলে মাঝে মাঝে চরম ভোগান্তিতে পড়তে হয়। দ্রুত এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত নেওয়া দরকার। মীরগঞ্জ-মুলাদী রুটের ফেরি চালক দেলোয়ার হোসেন বলেন, ২২ মিনিটের পথ ৫৫ মিনিট হয়ে যেতে হচ্ছে। এতে দীর্ঘ পথ ঘুরে যাবারর পাশাপাশি জ্বালানির খরচ বাদে একটি বৃ্র অবশের রাণ্ডশ ব্যয় হচ্ছে হচ্ছে। অচিরেই এই পথ ড্রেজিং বিভাগ খনন না করলে যেকোনো সময় পথটি বন্ধ হয়ে যাবে। মীরগঞ্জ-মুলাদী ফেরিঘাটেই ইজারাকর মো. রাফিকুল ইসলাম বলেন, ১০-১২ মিনিটের পথ এক কিলোমিটার ঘুরে যেতে হয়। এতে সময় নষ্ট হওয়ার পাশাপাশি অতিরিক্ত জ্বালানি ব্যয় হচ্ছে। এভাবে চললে জ্বালানি খরচ দিয়ে ইজারার নির্ধারিত টাকা উত্তোলন করা দুস্কর হয়ে পড়বে। তাই অচিরেই এই নদীপথটি খননের পিলা জাাই। বরিশাল ড্রেজিং বিভাগের উপ-পরিচালক প্রকৌশলী মো. ভূতিন বলেন, মীরগঞ্জ ফেরিঘাটের নাব্যতা সংকট নিয়ে কোনো চাহিমপত্র পাননি। তবে আপনাদের মাধ্যমে যেহেতু তদন্ত, বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

কারাগারে মৃত দুমকীর ছাত্রলীগ

উদ্ধৃত চিকিৎসার জন্য শরিশালের পুর-ই-বালা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হলে সেখানে তিনি মৃত্যুবরণ করেন। শনিবার সন্ধ্যা আশিন কার্যক্রম শেষে বরিশাল থেকে নির্বাহী ম্যাজিস্ট্রেট বেলা ১টার দিকে মরদেহের ছাড়াপড়েন। এরপর মর্যাতত্তসম্ম শেবে বিকলে ওটার দিকে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়। বিকলে ৪টায় স্বজনরা মরদেহ নিয়ে নিজ উপজেলার শ্রীরামপুর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডে বাড়িতে পৌঁছান। সেখানে বিকলে তার জানাজা শেষে দাফন সম্পন্ন হয়েছে। জানাজায় হাজারো মানুষ উপস্থিত ছিলেন। পটুয়াখালী জেলা কারাগারের নিয়োজিত চিকিৎসক ডা. মো. ইব্রাহ় বলেন, শফিকুল ইসলাম খান দীর্ঘদিন ধরে হৃদরোগে ভুগছিলেন। উদ্ধৃত চিকিৎসার জন্য তাকে প্রথমে বরিশাল এবং পরে ঢাকায় পাঠানো হয়েছিল। সেখান থেকে পুনরায় পটুয়াখালীতে আনা হয়। বেশ কিছুদিন ধরেই তার শারীরিক অবস্থা আশঙ্কাজনক ছিল। গত শুক্রবার ১১ আবেশ্ত করে পটুয়াখালী জেলা কারাগারে পাঠানো হয়। তার বিরুদ্ধে রাজনৈতিক মামলা ছিল।

মক্কা-মদিনায় আটকা পড়েছেন

মক্কা ও মদিনায় আটকা পড়েছেন তারা। নির্ধারিত সময়ে ফ্লাইট না হওয়ায় আবাসন, খাবার ও স্বাস্থ্যসেবাব্যতী মৌলিক চাহিদা নিয়ে চরম ভয়েতে পেয়েছেন এনব যাত্রী। ঢাকার শাহজালাল সারওয়ার আলম জানিয়েছেন, ইউএস-বালা এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ঢাকা ফেরার কথা ছিল বহু ওয়ারায়াত্রীরা। কিন্তু ফ্লাইট স্থগিত হয়ে যাওয়ায় তারা পড়েছেন বিপাকে। হোটেল থেকে চরে আউট করে দেয়ালে পিঠ ঠেকে যাওয়ার অবস্থা অনেকের। নতুন করে কক্ষ পাওয়া দুস্বাধ্য হয়ে পড়েছে। একই অবস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইনস ও সৌদি এয়ারলাইন্সের যাত্রীদেরও। শনিবার সকালে ইরানে হামলার পরপরই ইসরায়েল তাদের আকাশশীমায় সব বেসামরিক বিমানের জন্য বন্ধ ঘোষণা করে। পরে একে একে ইরান, ইরাক, কাতার, কুয়েত ও যুক্তরা্র আরব আমিরাতেও একই পথে যাচ্ছে। বাহারাইন, দুবাই ও কাতারসহ একাধিক দেশের আকাশপথে বিশ্বনিষেধ জারি হওয়ায় ঢাকা থেকেও এসব পড়বে সব ফ্লাইট স্থগিত করা হয়েছে। ফলে ইউএস-বালায় যো ফ্লাইটটি ঢাকা থেকে সৌদি আরবের উদ্দেশ্যে রওনা হওয়ার কথা ছিল, সেটি বেয়ে পাননি। আশ সেটিই ফিরিয়ে আনার কথা ছিল আটকা পড়া যাত্রীদের। মক্কা ও মদিনার বিভিন্ন হোটেলো অবস্থানরত এনব যাত্রীর অনেকেই নির্ধারিত সময় অনুযায়ী হোটেল ছেড়ে দিয়েছেন। ফ্লাইট স্থগিত হওয়ায় থবর পেয়ে হোটেল ফিরে গিয়েও নতুন কক্ষ না পাওয়ার হাযকার। অনেকে হোটেল লবি, করিডর এমনকি খোলা জায়গায় অবস্থান নিতে বাধ্য হয়েছেন। খাবারের সংকটও দেখা দিয়েছে। বন্দবাসীরা শেষ হলে আসছে, আবার স্থানীয় কারেগি না থাকা ব্যপাকে পড়েছেন অনেকে। গমরহায্যী মো. জাকির হোসেন জানান, ‘আমাদের ফ্লাইট ছিল। হোটেল ছেড়ে দিয়েছি। এখন ফ্লাইট কব হবে কেউ কিছু বলতে পারছে না। হোটেলো ফিরতে চাইলেও রুম নেই। শিশু ও বৃদ্ধসহ আমরা গ্রাম ৩০ জন এখানে আটকা। খাবারও শেষ।’ আরেক যাত্রী নূরজাহান বেগম কান্নাজড়িত কণ্ঠে বলেন, ‘বরষ বাবা-মাকে নিয়ে এসেছিলাম। তাদের গুণ্ধ ফুরিয়ে এসেছে। দেশে ফিরে যেতে পারছি না। কী হবে আমাদের?’ হরতর শাজহালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, সংশ্লিষ্ট এয়ারলাইনগুলোকে যাত্রীদের ফ্লাইট বাতিল বা বিবশের তথ্য এসএমএস, ই-মেইল ও কল সেবটাদের মাধ্যমে আগাম জানাতে নির্দেশ দেওয়া হয়েছে। বিমানবন্দরে এয়ারলাইন্সের প্রতিনিধিদের উপস্থিত থেকে রাত্রীদেয়ে প্রয়োজনীয় তথ্য ও সহায়তা দেওয়ার কথাও বলা হয়েছে। তবে সৌদিরকে আটকা পড়া যাত্রীরা বলছেন, সেখানকার এয়ারলাইন্স প্রতিনিধিরা সেভাবে সহায়তা করছেন না। যোগাযোগও বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। বিমান বাংলাদেশ এয়ারলাইনসের পক্ষ থেকে যাত্রীদের ১৩৬৩৬ নম্বরে যোগাযোগ করে সর্বশেষ ফ্লাইট পরিচিতি জেনে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। এক বিচ্ছিন্নত্বে জালানো হয়েছে, আণাযীকাল রবিবার দামামা, জেদ্দা, মদিনা, রিয়াদ, শারজাহ, আবুধাবি, কুয়েত ও দুবাইগামী ফ্লাইটের যাত্রীদের এয়ারলাইন্সের সঙ্গে যোগাযোগ ছাড়া বিমানবন্দরে না আসার অনুরোধ করা হচ্ছে। মধ্যপ্রাচ্যগামী অন্যান্য যাত্রীদেরও নিজ নিজ এয়ারলাইন্স বা ট্রাভেল এজেন্সি সঙ্গে যোগাযোগ করে ফ্লাইটের সর্বশেষ অবস্থা জেনে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। এমন সঙ্কটকালে পররাষ্ট্র মন্ত্রণালয় ও সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। আটকা পড়া যাত্রীদের পাশে দাঁড়াানের কোনো উদ্যোগ এখনো চোখে পড়েনি। স্থানীয় হোটেল মালিকদের সঙ্গে আলোচনা করে অস্থায়ী বাসস্থানের ব্যবস্থা করা, জরুরি ভিসা বাড়ানো এবং খাবারের ব্যবস্থা করার ক্ষেত্রে দূতাবাসের তাৎক্ষণিক ভূমিকা রাখা প্রয়োজন বলে মনে করছেন মধ্যপ্রাচ্য। বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, পরিস্থিতি নিয়ন্ত্রণেরে পর্যবেক্ষণ করা হচ্ছে এবং পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত যাত্রী নিরাপত্তা ও স্বাভাবিক কার্যক্রম বরায় রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত থাকবে। মধ্যপ্রাচ্যের উত্তেজনা করে ধামধে, আকাশনীমা করে খুলবে-তার কোনো নিশ্চয়তা নেই। এর মধ্যে সৌদি আরবেরও যুদ্ধের প্রভাব পড়তে পারে এমন আশঙ্কা তৈরি হয়েছে। ফলে আটকে পড়া যাত্রীদের দুর্ভোগ কতদিন বাড়বে, তা নিশে শক্তি তৈরি হচ্ছে। এদিকে ঢাকার জহাজাল বিমানবন্দরেও ভিড় করছেন মধ্যপ্রাচ্যগামী হ্র যাত্রী। ফ্লাইট স্থগিতের খবর না পেয়ে অনেকই এসে পড়েছেন। বার্বী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিমানবন্দরে তাদের অবস্থান নিয়ে দুর্ভোগ বাড়ছে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, পরিচিতি ভুলে গুলি আবার কারণ করলে সরকারকে বিশেষ ব্যবস্থা নিতে হতে পারে। তবে এখন পর্যন্ত কোনও পথে কোনো উদ্যোগ চোখে পড়েনি। কর্তৃহ হাজার যাত্রীরা এই দুর্ভোগ কতদিন স্থায়ী হয়, সেটাই এখন দেখার বিষয়।

শত্রুরা পরাজিত না হওয়া পর্যন্ত

অবিরাম চলবে যতক্ষণ না শত্রু চূড়ান্তভাবে পরাজিত হয়। আইআরজিস আরও দাবি করে, ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের মধ্যপ্রাচ্যজুড়ে থাকা সব সামরিক সম্পদ ইরানি বাহিনীর বৈধ লক্ষ্যবস্তু হিসেবে বিবেচিত হবে। এদিকে আল জাজিরার এক প্রতিবেদনে বলা হয়েছে, ইসরায়েলের রাজধানী তেল-আবিবে বিক্ষোরণের শব্দ শোনা গেছে। এর আগে প্রথমে বাহরইন থেকে বিক্ষোরণের তথ্য আসে। এর আগে বাহরাইনের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জরুরি সতর্কতা জারি করে নাগরিকদের নিকটবর্তী নিরাপদ স্থানে আশ্রয় নিতে অনুরোধ জানায়। কুয়েতেও বিক্ষোরণের শব্দ শোনা গেছে বলে জানিয়েছেন আল জাজিরা আরবি বিভাগের সাংবাদিকরা। প্রতিবেদনে বলা হয়, সেখানে সাইরেনও চালু করা হয়েছে। এছাড়া সংযুক্ত আরব আমিরাতেও রাজধানী আবুধাবিতেও একটি বিকট বিক্ষোরণের খবর দিয়েছে রয়টার্স।

জলদস্যুদের মুক্তিপণ দিয়ে

জানা যায়, গত ২৫ ফেব্রুয়ারি সুন্দরবনের কটকা এলাকার হৌলি খাল থেকে পাথরঘাটা সদর ইউনিয়নের রুহিতা গ্রামের মাসুম মখির ট্রলারসহ পাঁচ জেলেদের অপহরণ করে ‘বড় জাহাঙ্গীর বাহিনী’র সদস্যরা। একদিন পর আল আমিন ও আবদুর রহিম নামে দুই জেলেকে মুক্তিপণের ১০ লাখ টাকা নিয়ে আসার শর্তে ছেড়ে দেওয়া হয়। পরে ট্রলার মালিকের কাছ থেকে ১০ লাখ টাকা সত্ত্বহ করে দস্যুদের কাছে পাঠানো হলেও শর্ত অনুযায়ী বাকি তিন জেলেকে মুক্তি দেয়নি দস্যুরা। জিম্মি থাকা জেলেরা জানান, দস্যুরা তাদের ট্রলারের ব্রিজের মধ্যে শিকল দিয়ে বেঁধে রাখত এবং মাঝেমাঝে শারীরিক নির্যাতন করত। পলায়নরত জেলেরা আরও বলেন, ‘দস্যুদের দুই গুপের মধ্যে হঠাৎ গোলাগুলি শুরু হলে আমরা কৌশলে শিকলমুক্ত হয়ে বনের ভেতরে দিগ্বিদিক দৌঁড়াতে থাকি। পরে সুন্দরবনের খাল সাঁতরিয়ে কিছুদূর যাওয়ার পর একটি তেলবাড়ী জাহাজের নাবিক আমাদের উদ্ধার করে মোংলা বন্দর ঘাটে পৌঁছে দেন। সেখান থেকে আমরা পাথরঘাটার ফিরে আসি।’ ট্রলার মালিক মো. মাসুম মিয়া বলেন, ‘ঠাকা পাঠানোর পরও দস্যুরা আরো জেলদের ছাড়েনি। কিসে আসা জেলেরা শারীরিকভাবে অসুস্থ হওয়ায় তাদের প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে।’ বরষা জেলা মৎসাজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা স্টেশ্বরী উদ্বেগ প্রকাশ করে বলেন, ‘গত কয়েকদিন ধরে দস্যুদের তৎপরতা আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। জেলেদের মাঝে চরম আতঙ্ক বিরাজ করছে। দ্রুত কঠোর ব্যবস্থা না নিলে জেলেরা সাগরে যাওয়া বন্ধ করে দেবে।’

মাদ্রাসা ছাত্রীর সাথে শিক্ষকের

অসামাজিক কার্যকলাপ চালান। এমনই একটি অপভিক্রর ভিডিও ছড়িয়ে পড়ে। স্থানীয়দের অভিযোগ- এর আগেও হাজেজ কুরী হানান মাহমুদ বিরুদ্ধে একাধিকবার অসামাজিক কার্যকলাপের অভিযোগ রয়েছে। প্রতিবারই সুসীচালো তিনি নিজেকে আড়াল করতে সক্ষম হয়েছেন। এদিকে ভিডিওটি কীস হওয়ার পর সন্ত্রাসকর্মীদের ম্যানেজের ব্যর্থ হয়ে অভিভুক্ত শিক্ষক ঘটনা ভিন্নভাবে নেওয়ার চেষ্টা করছে। পরবর্তীতে সর্বাবলকর্মীদের হেস্তা করা জন্য বরিশাল কোতয়ালী মডেল থানায় মিথ্যা অভিযোগ দিয়েছেন। বিষয়টি ধামাচাপা দিতে ভিজিও ধারণকারীকে ডিজিটাল আইনে ফাঁসানোর হুমকি দিচ্ছেন। এ বিষয়ে অভিভুক্ত শিক্ষক হাজেজ কুরী হানান মাহমুদ বলেন, আমি ভুল করেছি। এবারের মতো ক্ষমা করে দিন। আপনাদের চা-নাস্তার জন্য কিছু টাকা দিচ্ছি। এমন ভুল আর কখনো করবো না।

পটুয়াখালীতে মরা মুরগি

কিনে থাকেনে সেখানে ভুঙ্গের কারণে মরা মুরগিগুলো এসেছে। সহকারী কমিশনার ও এগ্রিকাল্টিউট ম্যাজিস্ট্রেট আমিনুর ইসলাম বলেন, মরা মুরগি বিক্রির অভিযোগের ভিত্তিতে অভিযান চালিয়ে ঘটনার সত্যতা পাওয়া গেছে। ফার্ম থেকে জবাই করে মুরগিগুলো আনা হয়েছে, যা সম্পূর্ণ বেআইনি। তিনি জানান, ভোক্তা অধিকার সন্ত্রাসক আইন ২০০৯-এর ৪৫ ধারায় অভিযুক্তকে ৫ হাজার টাকা জরিমানা ও ১ মাসের বিনামূল্য কারাদণ্ড দেওয়া হয়েছে।

আগৈলঝাড়ায় মৎস্য ঘেরের

করেন। শেখর বসু ১২ দিন জেল খেটে ২২ ফেব্রুয়ারি জামিনে বের হয়ে ২৫ ফেব্রুয়ারী রাত সাড়ে ১০টায় নিজঘরে ঘরে পাড়ের ঘরে সলল কর্মচারীকে ডেকে তার প্রেক্ষাগতের বিষয়ে জিজ্ঞাসা করে সলল কর্মচারী ছেড়ে গেল। এ সময় বাকাল গ্রামের মৃত.হরলাল হালদারের ছেলে নারায়ন হালদারকে ঘের মালিক শেখর বসুকে প্রেক্ষতারের তথ্য দেওয়ার সন্দেহে ঘরে আটক করে রশি দিয়ে বেঁধে মারধর করে মাথার চুল কেটে দেয় একপর্যায়ে নারায়ন হালদার অসুস্থ হয়ে পড়ে পানি খেতে তাইয়ে শেখর বসু তখন নারায়ন হালদারের মুখে প্রস্রাব করে তের। নির্মাতনের ঘটনার পর শেখর বসু তার মাকে ডিডিও করে নির্ধাতনের দৃশ্য দেখালে তার মা নারায়ন হালদারকে ছেড়ে দিতে বললে কোন প্রকার আইনের আশ্রয় না নোয়ার শর্তে সাথে থাকা মোবাইল, টাকা, টর্টলাইট রেখে তাকে ছেড়ে দেন। গুরুতর আহত অবস্থায় নারায়ন হালদারকে উদ্ধার করে পরিবারের লোকজন আলৈলঝাড়ু উপজিলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ ব্যাপারে অভিযুক্ত শেখর বসু সাংবাদিকদের জানান, নারায়ন হালদারকে নির্ধাতনের সাথে আমি জড়িত নই, আমি ষড়যন্ত্রের শিকার। আমি বর্তমানে অসুস্থ হয়ে বরিশালে চিকিৎসা নিছি। এব্যাপারে আগৈলঝাড়ু থানার এসআই আব্দুল্লাহ আল মামুন গুরুবার লিখিত অভিযোগ পাওয়ার সত্যতা স্বীকার করে বলেন, পুরো ঘটনা তদন্ত পূর্বক আইনামুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

সারাদেশে রাত-দিনের তাপমাত্রা

পারে। দ্বিতীয় দিন রবিবার (১ মার্চ) রংপুর, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু’এক জায়গায় বৃষ্টি বা ঝলসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যান্য অস্থায়ীভাবে আর্দ্রকি মেঘলা আকাশসহ অবহাওয়া শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। ভূতীয় দিন সেবার (২ মার্চ) চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু’এক জায়গায় বৃষ্টি বা ঝলসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যান্য অস্থায়ীভাবে আর্দ্রকি মেঘলা আকাশসহ অবহাওয়া শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। আবহাওয়া অধিদপ্তর জানায়, গত ২৪ ঘণ্টায় দেশের কোথাও বৃষ্টিপাত তেজবর্ধ করা হয়নি। বিশেষজ্ঞরা সতর্ক করে বলেছেন, যদি এই পথে তেজ পরিবহন দীর্ঘ সময় দেশে সর্বোচ্চ তাপমাত্রা মোকো ও করায় ৩৩ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা শীমদেশে ১৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস রেখর্ধ করা হয়েছে। এদিকে অবহাওয়ার সিনপটিক অবস্থায় বলা হয়েছে, মৌসুমের স্বাভাবিক দৃশ্যচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে, এর বর্তীতশে উত্তরপূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

কাউখালীতে ফলের দাম সাধারণ

রহমান বলেন, ‘রমজান মাস আসলেই এক শ্রেণির অসাধু ব্যবসায়ীরা সিন্ডিকেটের মাধ্যমে ফলসহ প্রতিটি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বাড়িয়ে বিক্রি করেন।’ ভুক্তভোগীরা জানান, বাজার মন্টিচিং ব্যবস্থা দুর্বল থাকার কারণে অসাধু ব্যবসায়ীরা সিন্ডিকেটের মাধ্যমে সব ধরনের মালামাল বেশি দামে বিক্রি করছেন। ফল ব্যবসায়ী শহিদুল ইসলাম ও মোনামুসে হোসেন বলেন, ‘স্থানীয় পর্যায়ে ফল উৎপন্ন হয় না। আমাদের ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশালের ফলের আড়ৎ থেকে কিনে আনতে হয়। আমাদের একটা পরিবহন খরচ আছে। তাছাড়া আমরা যখন যেখানে ক্রয় করি, ওইভাবেই আমরা সামান্য লাভে ফল বিক্রি করি। আমরা এক প্রকার বড় ব্যবসায়ীদের কাছে জিম্মি থাকি।’ এ বিষয়ে কাউখালী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুজ্জান্নাব বলেন, ‘বাজার মন্টিচিং ব্যবস্থা রোগদার করা হয়েছে। যদি কোনো ব্যবসায়ী সিন্ডিকেট করে ফলসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বাড়িয়ে বিক্রি করে, তাহলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।’

মহানগর জামায়তের কর্মী

সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল। ২৭ ও ২৮ ফেব্রুয়ারী বরিশাল নগরীর আসমত আলী খান ইচ্ছাটিউট হলকমে অনুষ্ঠিত ইতিদলব্যাপী বাছাইকৃত কর্মী শিক্সা শিবিরে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অ্যাডভোকেটে হেলাল আরও বলেন, বিতর্কিত নির্বাচনে সরকার গঠন হওয়ার কানে জনগণের প্রতি কোন দামাফরদতা নেই। সরকার ক্ষমতার অপব্যবহার করে বিভিন্ন সিটিতে প্রশাসক নিয়োগ দিয়েছে যেটা ২৪ ঘর অভ্যুত্থানের আদর্শ বিরোধী। বাংলাদেশে ব্যাংকের গর্ভনরদের সর্বিয়ে নিয়োগ নতুন গর্ভনর নিয়োগ দিয়েছে সেটা বাংলাদেশের ইতিহাসে নজিরবিহীন। দেশের বিভিন্ন জায়গায় চাঁদাবাজি ও বিশৃঙ্খলা চলছে,

এখান থেকে দেশবাসীকে বাঁচাতে হবে। দেশের জনগণ এই বিশৃঙ্জল পরিবেশ থেকে বাঁচার জন্য জনগণ জামায়তে ইসলামীর উপর আস্থা রাখবে। জামায়তে ইসলামী জনগণের সমর্থন নিয়ে অবশ্যই দেশের দায়িত্ব গ্রহণ করবে। কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগর জামায়তের আমির মাওলানা জহির উদ্দিন মু. বাবরের সভাপতিত্বে ও মহানগর সেক্রেটারি মাওলানা মতিউর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মহানগরীর এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি মাস্টার মিজানুর রহমান, মুহাম্মাদ অতিকুন্ডাহ্, তারিকুল ইসলাম, কর্মপরিষদ সদস্য মাওলানা জয়নাল আবেদীন, শামীম কবির, মাওলানা শফিউল্লাহ তালুকদার, মাহফুজুর রহমান আমিন, কাউনিয়া থানা আমির মাওলানা মোস্তাফিজুর রহমান প্রমুখ নেতৃবৃন্দ।

জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে

দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, “হিজলা-মেহেন্দিগঞ্জের উন্নয়নই আমাদের অঙ্গীকার। দল-মত নির্বিশেষে সকলের সহযোগিতায় একটি আর্থনিক, সমৃদ্ধ ও জনবান্ধব উপজেলা গড়ে তুলবো ইনশাআল্লাহ।”

হিজলায় শ্রমিক কল্যাণ

জহির উদ্দিন ইয়ামিন। অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক মোঃ জাহাঙ্গীর হোসেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন শ্রমিক কল্যাণ ফেডারেশন হিজলা উপজেলার সাবেক সভাপতি মোঃ জাহাঙ্গীর হোসেন, উপজেলা সহ-সভাপতি মোঃ আবুল কালাম আজাদ ও মোঃ হেলাল উদ্দিন, উপজেলার অর্থ সম্পাদক মোঃ আব্দুল কাদের ও আইন-আদালত সম্পাদক মোঃ শিবলী নুমান প্রমুখ।

গলাচিপায় জেলেদের মাঝে আর্থিক সহায়তা প্রদান

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপা উপজেলায় বিভিন্ন দুর্ঘটনায় নিহত ও নিখোঁজ জেলে পরিবারের সদস্যদের এবং এক আহত জেলেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। মৎস্য অধিদপ্তর, গলাচিপা-এর উদ্যোগে নিহত ও নিখোঁজ ৬ জন জেলে পরিবারের প্রত্যেককে ৫০ হাজার টাকা করে এবং আহত ১ জন জেলেকে ২৫ হাজার টাকার চেক প্রদান করা হয়। এভাবে মোট ৩ লাখ ২৫ হাজার টাকার চেক বিতরণ করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. নূরুল হক নূর নিজ হাতে ভুক্তভোগীদের মাঝে এই আর্থিক সহায়তার চেক হস্তান্তর করেন। এ সময় উপস্থিত ছিলেন গলাচিপা উপজেলা নির্বাহী অফিসার মো. মাহমুদুল হাসান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মো. জহিরুল্লাহসহ সংশ্লিষ্ট দ

শত্রুরা পরাজিত না হওয়া পর্যন্ত অভিযান চলবে: ইরানের আইআরজিসি

কীর্তনখোলা ডেস্ক
ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানিয়েছে, মধ্যপ্রাচ্যে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সামরিক লক্ষ্যবস্তুতে ইরানি ক্রেশপাঞ্জ দিয়ে হামলা চালানো হয়েছে। এক বিবৃতিতে আইআরজিসি জানায়, এই অভিযান ৩ এর পাতায় দেখুন



জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে হবে: রাজিব আহসান

আবদুল কাদের, হিজলা
বরিশাল-৪ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য ও প্রতিমন্ত্রী মোঃ রাজিব আহসানের সাথে হিজলা উপজেলা প্রশাসনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় হিজলা উপজেলার সার্বিক উন্নয়ন, চলমান প্রকল্পের অগ্রগতি, জনসেবার মান উন্নয়ন এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে

বিস্তারিত আলোচনা করা হয়। এসময় প্রতিমন্ত্রী রাজিব আহসান বলেন, প্রশাসনের সকল স্তর থেকেই সকল প্রকার দুর্নীতি ও অনিয়ম চিরতরে বিদায় করতে হবে। সকল প্রকার দুর্নীতির উর্ধ্বে উঠে জনগণের সেবা করতে হবে। রাজিব আহসান বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের রাষ্ট্রসেরামতের ৩১ দফা বিধানপত্র নির্বাচনী

ইশতেহার বাস্তবায়নে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। তিনি আরো বলেন, কৃষির উন্নয়নের জন্য খুব শীঘ্রই খাল খনন কর্মসূচি শুরু হবে। দেশের আবহাওয়া ঠিক রাখতে সকলকে বেশি বৃক্ষরোপনের পরামর্শও দেন তিনি। প্রতিমন্ত্রী প্রশাসনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের সাথে সমন্বয় রেখে জনগণের ৩ এর পাতায় দেখুন

মাদ্রাসা ছাত্রীর সাথে শিক্ষকের অনৈতিক ভিডিও ফাঁস

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর রূপাতলী হাউজিং সংলগ্ন মধ্যভাঙ্গুনোছা হিফজুল কুরআন মাদ্রাসার এক ছাত্রীর সঙ্গে প্রতিষ্ঠানের পরিচালক হাজেজ কুরী হাসান মাহমুদের অনৈতিক ভিডিও ফাঁস হয়েছে। এই ঘটনার পর এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়। জানা গেছে, নগরীর রূপাতলী হাউজিংয়ে হাজেজ কুরী হাসান মাহমুদ একটি ভবন ভাড়া নিয়ে নিজে নিচতলায় ছাত্রদের ও তার স্ত্রী ৩য় তলায় ছাত্রীদের পড়ান। তিনি প্রায়শই তিনি বিভিন্ন অজুহাতে ছাত্রীদের নিয়ে বাইরে যেতেন। সম্প্রতি তিনি ছাত্রীকে নিয়ে নগরীর রূপাতলীর একটি রেস্টুরেন্টে যান। সেখানে পর্দাওয়ালা একটি কেবিনে বসে সেই ছাত্রীর সাথে ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে মরা মুরগি বিক্রির দায়ে ব্যবসায়ীকে কারাদণ্ড

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীতে মরা মুরগি বিক্রির দায়ে সোহাগ হাওলাদার নামে এক ব্যবসায়ীকে ৫ হাজার টাকা জরিমানা ও ৭ মাসের বিনামূল্য কারাদণ্ড দিয়েছেন ডায়ামার্গ আদালত। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দুপুর একটার দিকে শহরের পুরান বাজার এলাকায় এই অভিযান পরিচালনা করেন ভোক্তা অধিকার অধিদপ্তরের উপ-পরিচালক শাহ সোয়েব। স্থানীয় সুদে জানা যায়, গুরুবার রাত প্রায় ১০টার দিকে পুরান বাজারের আলামিন মুরগির আড়ত থেকে ৩৭টি মরা মুরগিসহ প্রায় ১৫০টি জবাই করা মুরগি পটুয়াখালী পৌর নিউমার্কেটে পাঠানো হয়। সেখানে মরা মুরগি শনাক্ত হলে সেগুলো ফেরত পাঠানো হয়। বিষয়টি জানাজানি হলে ৩৭টি মরা মুরগি নদীতে ফেলে দেওয়া হয়। দোকান কর্তৃপক্ষ দাবি করেন, তারা যে ফার্ম থেকে মুরগি ৩ এর পাতায় দেখুন



জলদস্যুদের মুক্তিপণ দিয়ে পাথরঘাটায় ফিরেছে তিন জেলে

পাথরঘাটা প্রতিনিধি
সুন্দরবনে জলদস্যুদের জিম্বিদশা থেকে মুক্তিপণের টাকা দিয়েও ছাড়া পাননি তিন জেলে। অবশেষে দস্যুদের দুই গুরুপের গোমাল্লির সুযোগে জঙ্গল দিয়ে পালিয়ে গুরুবার রাত ১০টার দিকে পাথরঘাটায় ফিরেছেন তারা। শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকেলে তারা গণমাধ্যমকর্মীদের কাছে ঘটনার বিস্তারিত বর্ণনা দেন। ফিরে আসা জেলেরা হলেন পাথরঘাটা উপজেলার রুহিতা গ্রামের রাজু মিয়া (২৬), মো. মাহবুব (৩০) ও মো. রাজু মোল্লা (২৭)। ৩ এর পাতায় দেখুন



আগৈলঝাড়ায় মৎস্য ঘেরের কর্মচারীকে অকথ্য নির্যাতন

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় মাছের ঘেরের মালিককে মাদক ব্যবসার অভিযোগে গ্রেফতার করার তথ্য প্রদান করার সন্দেহে কর্মচারীকে ডেকে নিয়ে মধ্যযুগীয় কায়দায় নির্যাতনের অভিযোগ উঠেছে প্রভাবশালী শেখর বসুর বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী থানায় লিখিত অভিযোগ দিলেও পুলিশ কোন ব্যবস্থা নেয়নি। অভিযোগ ও স্থানীয় সুদে জানা গেছে, উপজেলার বাকল ইউনিয়নের সাবেক চেয়ারম্যান কামবাড়ি গ্রামে একটি বড় মাছের ঘের রয়েছে ওই ঘেরের একাধিক কর্মচারী কাজ করছে। গত ৯ ফেব্রুয়ারি ঘের মালিক শেখর বসুকে মাদক ব্যবসার সাথে জরিত থাকার অভিযোগে জেলা গোয়েন্দা পুলিশ গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

বরিশাল ৯ রবিবার ১১ ০১ মার্চ ২০২৬ ১১ ১৬ ফাল্গুন ১৪৩২

মীরগঞ্জ-মুলাদী নদীপথে ডুবোচর, ফেরিতে ভোগান্তি

কীর্তনখোলা রিপোর্ট
নাব্য সংকট ও ডুবোচরের কারণে মীরগঞ্জ-মুলাদী নদী পথে ১২ মিনিটের পথ ৩০-৩৫ মিনিট ঘুরে পাড়ি দিয়ে ফেরিগুলো। এতে চরম ভোগান্তিতে পড়েছেন ওই রুটে চলাচলকারী হাজার হাজার যাত্রী। আবার ডুবোচরে রুট পরিবর্তনের কারণে অতিরিক্ত

জালানি নষ্ট হচ্ছে ফেরি বিভাগের। তবে শীত মৌসুমের সময় এই ভোগান্তি চরম আকার ধারণ করে বলে জানিয়েছেন এখানকার যাত্রীরা। বেশি ভোগান্তির শিকার হচ্ছে পণ্য পরিবহনকারী গাড়ি ও রোগীবাহী অ্যাম্বুলেন্স। ফেরি বিভাগের লোকজন বলছে শুকনা মৌসুমে

নদী ড্রেজিং না করায় অতিরিক্ত জালানি ব্যয় হচ্ছে। এতে সময় ও খরচ দুটোই বেড়েছে। খোজ নিয়ে জানা গেছে, বাবুগঞ্জ, মুলাদী, হিজলা ও মেহেন্দিগঞ্জ উপজেলার কয়েক লাখ মানুষের যাত্রায়তের মাধ্যম আড়িয়াল খা নদীর এই মীরগঞ্জ-মুলাদী ফেরি। কিন্তু ৩ এর পাতায় দেখুন



কারাগারে মৃত দুমকীর ছাত্রলীগ নেতার দাফন সম্পন্ন

পটুয়াখালী প্রতিনিধি
কারাগারে বন্দি অবস্থায় মৃত ছাত্রলীগ নেতা শফিকুল ইসলাম খানের দাফন সম্পন্ন হয়েছে। শফিকুল ইসলাম খান দুমকী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ছিলেন। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৭টায় জানাড়া শেষে পারিবারিক পোরস্তানে তার লাশ দাফন করা হয়েছে। জানা যায়, পটুয়াখালী কারাগারে বন্দি শফিকুল ইসলাম খান গুরুবার বিকেলে অসুস্থ হয়ে পড়েন। এ সময় কারা কর্তৃপক্ষ ওধমে তাকে স্থানীয় হাসপাতালে নেয়। পরে ৩ এর পাতায় দেখুন

বাবাকে নিয়ে মাসুদ সাঈদীর আবেগঘন বার্তা!

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী তার ব্যক্তিগত ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া একটি স্ট্যাটাসকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনা সৃষ্টি হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দুপুরে তার ভেরিফায়ড ফেসবুকে দেওয়া ওই স্ট্যাটাসে তিনি ২০১৩ সালের ২৮ ফেব্রুয়ারিকে ‘জাতির ইতিহাসে এক কালা দিন’ হিসেবে উল্লেখ করেন। স্ট্যাটাসে তিনি দাবি করেন, তার পিতা ইসলামী বক্তা ও সাবেক সংসদ সদস্য দেলাওয়ার হোসাইন সাঈদীর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের ৩ এর পাতায় দেখুন



অটোরিকশা-মোটরসাইকেল সংঘর্ষ, নিহত-১

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠিতে সিএনজিচালিত অটোরিকশা ও মোটরসাইকেলের সংঘর্ষে খলিলুর রহমান নামে একজন নিহত হয়েছেন। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দুপুরে ঝালকাঠি-পিরোজপুর আঞ্চলিক মহাসড়কের সমবায় এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত ৩ এর পাতায় দেখুন



হিজলায় শ্রমিক কল্যাণ ফেডারেশনের ইফতার মাহফিল

হিজলা প্রতিনিধি
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন হিজলা উপজেলা শাখার উদ্যোগে শ্রম অধিদপ্তরের রেজিস্টার্ডভুক্ত ট্রেড ইউনিয়ন প্রতিনিধিদের মতবিনিময় সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকাল ৫টায় উপজেলার খুন্সী বন্দরে সৈয়দ নুরুল হক ফাউন্ডেশন মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের হিজলা উপজেলা সভাপতি মোঃ খলিলুর রহমান। এতে প্রধান অতিথি ছিলেন, শ্রমিক কল্যাণ ফেডারেশন বরিশাল জেলা সভাপতি আডভোকেট ৩ এর পাতায় দেখুন

পালকি এক্সপ্রেস

Palki Express

ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী-কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত

পরিচালনায়ঃ মোঃ বেদ্রুল মল্লিক
সার্বিক তত্ত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক

ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723



প্রধানমন্ত্রী তারেক রহমান সাধারণ জীবনযাপন করছেন: নূর

দশমিনা প্রতিনিধি
রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নূরুল হক নূর বলেছেন, বাংলাদেশের সংকটকালীন সময়ের নেতা ও জাতীর কাজারি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ছেলে হয়েও বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান সাধারণ মানুষের মতো সাদামাটা জীবনযাপন করছেন। এমনকি তিনি রাষ্ট্রের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ ব্যক্তি হয়েও সাধারণ মানুষের মতোই প্রটোকল বিহীন সড়কে চলাচল করছেন আবার ট্রাফিক জ্যামে বসে থাকেন। শনিবার বিকালে পটুয়াখালীর দশমিনা উপজেলার সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে গণ ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এমন মন্তব্য করেন প্রতিমন্ত্রী নূরুল হক নূর। নূরুল হক নূর বলেন, প্রধানমন্ত্রী নির্দিষ্ট সময়ের আগেই অফিস করছেন। আমরা যারা তার সাথে রাজনীতি করি, এটি আমাদের জন্য একটি আর্থিক শিক্ষা। প্রতিমন্ত্রী বলেন, রাজনীতি করতে হলে দেশের মানুষের ৩ এর পাতায় দেখুন



মাছ ধরায় নিষেধাজ্ঞা, কর্মহীন ভোলার দুই লক্ষাধিক জেলে

ভোলা প্রতিনিধি
ইলিশের উৎপাদন বাড়াতে মার্চ-এপ্রিল দুই মাস ভোলার মেঘনা ও তেঁতুলিয়া নদীর ১৯০ কিলোমিটার এলাকায় সকল ধরনের মাছ শিকারে নিষেধাজ্ঞা জারি করেছে সরকার। শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাত ১২টা থেকে এ নিষেধাজ্ঞা শুরু হবে। দুই মাসের নিষেধাজ্ঞার খবরে ভোলার জেলেনদের চোখেমুখে চিন্তার ভাজ দেখা দিয়েছে। কর্মহীন এ সময়ে সংসারের খরচ ও এনজিওর ঋণের কিস্তি নিয়ে দুশ্চিন্তায় রয়েছেন জেলার প্রায় দুই লক্ষাধিক জেলে। আসন্ন ঈদুল ফিতরকে সামনে রেখে জেলে পল্লীগুলোতে চরম হতাশা বিরাজ করছে। তবে নিষেধাজ্ঞার শুরু থেকেই জেলেনদের ঋণের কিস্তি বন্ধের পাদাশি জেলেনদের জন্য বরাদ্দকৃত ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ফলের দাম সাধারণ ক্রেতাদের নাগালের বাইরে

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে ফলের দাম উর্ধ্বমুখী। প্রতিটি ফল সাধারণ ক্রেতাদের নাগালের বাইরে চলে গেছে। নিম্নআয়ের মানুষ ফল খাওয়া থেকে মুখ ফিঁদিয়ে নিয়েছেন। মধ্যবিত্ত পরিবারগুলো মাঝে মাঝে সাবসে করে দুই এক ধরনের ফল ত্রয় করছে। উপজেলার উত্তর ও দক্ষিণ বাজার ঘুরে দেখা গেছে, প্রতি কেজি আপেল বিক্রি হচ্ছে ২৮০ টাকা থেকে ৩২০ টাকা পর্যন্ত। আঙ্গুর ফল ৬৬০ টাকা থেকে ৫০০ টাকা, হলুদাভেদ খেজুর ২৫০ থেকে এক হাজার ২০০ টাকা, মাল্টা ২৮০ থেকে ৩৫০ টাকা, নেসপত্তি ৪০০ টাকা, বেদানা ৪০০ থেকে ৪৫০ টাকা, কমলা ২৮০ থেকে ৩৫০ টাকা, পেয়ারা ১০০ টাকা দরে বিক্রি হচ্ছে। ফল ক্রয় করতে আসা ফজলুর ৩ এর পাতায় দেখুন

ইন্দুরকানীতে বিদ্যুতায়িত হয়ে এক শ্রমিকের মৃত্যু

ইন্দুরকানী প্রতিনিধি
পিরোজপুরের ইন্দুরকানীতে মাটি কাটার সময় রোজারত অবস্থায় বিদ্যুৎ পৃষ্ঠে হানিক শেখ (৫০) নামে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে উপজেলার দক্ষিণ ইন্দুরকানী গ্রামের গার্লস স্কুল সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। হানিক শেখ উপজেলার দক্ষিণ ভরানীপুর গ্রামের মৃত আনোয়ার আলী শেখ এর ছেলে। নিহত শ্রমিকের স্ত্রীসহ দুই ছেলে রয়েছে। জানা গেছে, হানিক শেখসহ ৮-১০জন শ্রমিক ৩ এর পাতায় দেখুন

মহানগর জামায়াতের কর্মী শিক্ষা শিবির সম্পন্ন

কীর্তনখোলা রিপোর্ট
৫ই আগস্ট বিপ্লবের পরে অনেক দল নিজাদের আশের গোছালেও জামায়াতে ইসলামী ছিল জনগণের কল্যাণ, এই দেশের জনগন নির্বাচনে তার প্রতিফল দিয়েছে কিন্তু সেই ফলাফল দিনভাই করা হয়েছে। ফলাফলে ব্যাপক ইঞ্জিনিয়ারিং হলেও ৬৭ আসনে জামায়াত মনোনীত সাংসদ সদস্য প্রার্থী নির্বাচিত হয়েছে এবং ৩০ এর অধিক আসনে সামান্য ভোটে হারিয়ে দেয়া হয়েছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর ৩ এর পাতায় দেখুন

সারাদেশে রাত-দিনের তাপমাত্রা সামান্য বাড়ার আভাস

কীর্তনখোলা ডেস্ক
সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। শনিবার (২৮ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এসব তথ্য জানানো আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ শাহানাজ সুলতানা পূর্বাভাসে বলা হয়েছে, অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে ৩ এর পাতায় দেখুন

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com